# এহকাকোল হক

(মাওলানা হামেদ সাহেবের বিজ্ঞাপন রদ।)

ⴲⴲⴲⴲⴲⴲⴲⴲⴲⴲⴲⴲ

জেলা উত্তর ২৪ পরগণা, বশিরহাট মাওলানাবাগ নিবাসী —
খ্যাতনামা পীর, মুহাদ্দিছ, মুফাচ্ছির, মুবাহিছ, ফকিহ
শাহ্ সুফী আলহাজ্জ হজরত আল্লামা —

## মোহাম্মদ রুহল আমিন (রহঃ)

কর্ত্তৃক প্রণীত

তদীয় ছাহেবজাদা শাহ্সুফী জনাব হজরত পীরজাদা মাওলানা
**মোহাম্মদ আবদুল মাজেদ (রহঃ)** এর পুত্রগণের পক্ষে
**মোহাম্মদ শরফুল আমিন** কর্ত্তৃক প্রকাশিত।
ও
বশিরহাট নবনূর প্রেস হইতে মুদ্রিত।

দ্বিতীয় সংস্করণ সন ১৪০৮ সাল।

সাহায্য মুল্য ৩০ টাকা মাত্র।

بسم الله الرحمن الرحيم *

الحمد لله رب العلمين و الصلوة و السلام على رسوله

محمد و آله و صحبه اجمعين *

# এহ্‌কাকোল হক।

## (মওলানা হামেদ সাহেবের বিজ্ঞাপন রদ)

জৌনপুর নিবাসী জনাব হজরত মাওলানা কারামত আলি সাহেব, নেজামপুর নিবাসী জনাব হজরত সুফী নূর মোহাম্মদ সাহেব, কলিকাতার জনাব মাওলানা হাফেজ জামালদ্দিন সাহেব, পূৰ্ব্ববঙ্গের হজরত মাওলানা এমামদ্দিন সাহেব সকলেই জনাব হজরত মোজাদ্দেছ শাহ্ সুফী সৈয়দ আহমদ কোদ্দেছা ছের্রোহুর মুরিদ ছিলেন, তাঁহারা সকলেই একত্রী ভাবে এই বাঙ্গালা দেশকে হেদাএত করার জন্য বহু কষ্ট স্বীকার করিয়া গিয়াছেন। তাঁহাদের চেষ্টার সুফলে বৰ্ত্তমান বাঙ্গালা দেশে নামাজ, রোজা, হজ, জাকাত ইত্যাদি শরিয়তের আহকাম জারি হইতেছে, ইহাতে কোন সন্দেহ নাই। জনাব হজরত মাওলানা কারামত আলী সাহেব নিজের পুত্র জনাব হজরত মাওলানা হাফেজ আহমদ সাহেবকে খলিফা পদে নিযুক্ত করিয়া রংপুরে এন্তেকাল করেন।

জনাব হজরত শাহ্ সুফী নূরমোহম্মদ সাহেবের বহু খলিফার মধ্যে কলিকাতার কোতব জনাব হজরত শাহ্ সুফী ফতেহ আলী সাহেব সৰ্ব্ব প্রধান ছিলেন। জনাব হজরত শাহ্ সুফী নূরমোহম্মদ সাহেব

চট্টগ্রামের নেজামপুরে এন্তেকাল করেন। উক্ত জনাব কোতবোল-আকতাব শাহ্ সুফী ফতেহ্ আলী সাহেবের বহু খলিফার মধ্যে ফুরফুরা নিবাসী জনাব মোজাদ্দেদে জামান হ্জরত মাওলানা শাহ্ সুফী মোহম্মদ আবুবকর সিদ্দিকী কোরাএশী সাহেব ও জনাব হ্জরত মাওলানা শাহ্ সুফী গোলাম ছালমানি মরহুম মগফুর সাহেব প্রধানতম খলিফা।

জনাব হ্জরত মাওলানা শাহ্ সুফী মোহম্মদ আবুবকর সাহেব বাঙ্গালার অঞ্জমনে ওয়ায়েজিন ও জামিয়াতোল-ওলামার সভাপতি, তিনি বর্ত্তমানে আমিরোশ্ শরিয়তে বাঙ্গালা। বাঙ্গালার প্রায় ৩০/৩৫ হাজার আলেম তাঁহার খলিফা। বাঙ্গালা দেশে তাঁহার মুরিদের সংখ্যা প্রায় গণনা করা অসাধ্য। হিন্দুস্থান, পেশাওয়ার ও কাবুলের বুহ আলেম তাঁহার মূরিদ এমন কি মক্কাশরিফ ও মদিনাশরিফের অনেক লোক তাঁহার মুরিদ; মাওলানা বদরুদ্দিন সাহেব যিনি মাওলানা আবদুল হক মোহাজেরে মক্কি শায়খোদ্দালা এলে মরহুম মগফুরের খলিফা, তিনিও উক্ত পীর সাহেবের নিকট তরিকত শিক্ষা করিয়া এই হ্জরতের খলিফা শ্রেণীভুক্ত হইয়াছেন। এখন উক্ত বঙ্গদেশ, হিন্দুস্থান ও আরব বিখ্যাত ফুরফুরার জনাব পীর সাহেব যেরূপ তরিকতে জনাব হ্জরত সুফী মতেহ আলী মরহুম মগফুরের মুরিদ সেইরূপ তিনি জনাব হ্জরত মাওলানা হাফেজ জামালদ্দিন সাহেবের অতি প্রিয় শিষ্য, কেননা উক্ত ফুরফুরার হ্জরত হুগলী মাদ্রাসার জমায়েতে-উলা বা শেষ পরীক্ষায় পাশ করিয়া জনাব মাওলানা হাফেজ জামালদ্দিন ছাহেবের নিকট হাদিস, তফসির ও অন্যান্য ফন শিক্ষা করিয়াছিলেন।

জনাব হ্জরত মাওলানা হাফেজ জামালদ্দিন সাহেব ও জনাব হ্জরত শাহ্ সুফী ফতেহ আলী সাহেব এই উভয় কোতব কলিকাতায় এন্তেকাল করেন, তাঁহাদের উভয়ের মজার মানিকতলা গোরস্থানে একই স্থানে হইয়াছে।

জনাব হজরত মোজাদ্দেদ সৈয়দ আহম সাহেবের মুরিদ অসংখ্য ছিল, তন্মধ্যে বঙ্গদেশের হাদি জনাব মাওলানা হাফেজ জামালদ্দিন সাহেব, জনাব মাওলানা এমমাদ্দিন সাহেব, জনাব হজরত মাওলানা কারামত আলী সাহেব ও জনাব শাহ্সুফী নূরমোহম্মদ সাহেব প্রধান ছিলেন। বাঙ্গালার লোকেরা তন্মধ্যে যাহার নিকট ইচ্ছা করিতেন মুরিদ হইতেন, ইহাতে উক্ত চারিজন পীরের মধ্যে কোন বাদ বিসম্বাদ বা দ্বেষ হিংসা ছিল না ইতিপূর্ব্বে যাহারা বাঙ্গালার অন্যান্য আলেম বা মোর্শেদের মুরিদ ছিলেন, তাহারাও নিজের খান্দানের মুর্শিদগণকে ত্যাগ করিয়া উপরোক্ত চারিজন পীরের নিকট তরিকতের বয়য়ত করিয়াছিলেন। জনাব হজরত কোতব মাওলানা শাহ্ কারামত আলি সাহেবের পূর্ব্বপুরুষেরা এই বঙ্গ দেশের পীর মুর্শিদ ছিলেন না, বরং এই দেশের আলেমেরা এই দেশের লোকের পীর মোর্শেদ ছিলেন, ইহা সত্ত্বেও এদেশের লোকেরা নিজেদের মোর্শেদগণকে ত্যাগ করিয়া উক্ত জৌনপুরী হজরত মাওলানা বা উপরোক্ত তিন জন পীরকে তরিকত শিক্ষার জন্য মোর্শেদরূপে গ্রহণ করিয়াছিলেন; এইরূপ উপযুক্ত পীরের নিকট দ্বিতীয়বার বয়য়ত করা যে জায়েজ, তাহা জনাব হজরত মাওলানা কারামত আলী সাহেবের লিখিত কেতাব দ্বারাই প্রমাণ হয়।

উক্ত জৌনপুরী মাওলানা সাহেব 'কও লোছ্-ছাবেত' কেতাবের ২৯/৩০ পৃষ্ঠায় ও নূরোন-আলানূর কেতাবের ৬৫-৬৭ পৃষ্ঠায় লিখিয়াছেন ঃ—

اور بہت لوگ سوال کرتے ہیں کہ ایک پیر سے مرید ہوکیے

بعد پھر دوسرے پیر سے مرید ہونا درست ہے یا نہیں اسکے

جواب میں الخ *

তর্জ্জমাঃ— অনেক লোক জিজ্ঞাসা করেন যে, এক পীরের

নিকট মুরিদ হওয়ার পরে অন্য পীরের নিকট মুরিদ হওয়া জায়েজ কিনা ?

ইহার উত্তর (শাহ্ মাওলানা ওলিউল্লাহ্ মোহাদ্দেছ দেহ্লবীর) কওলোল জামিল কেতাবে দেখ, উক্ত কেতাবের সার মর্ম্ম এই যে যদি প্রথম পীরে কোন ক্রুটী থাকে, অর্থাৎ মোর্শেদের জন্য যে কয়েকটী শর্ত্ত নির্দ্দিষ্ট আছে, তাহা উক্ত মোর্শেদের মধ্যে না থাকে, কিম্বা যদি পীর এন্তেকাল করিয়া থাকেন অথবা পীর এরূপ স্থানে গিয়া থাকেন যে, আর তাঁহার সাক্ষাতের আশা না থাকে, তবে (অন্য পীরের নিকট বয়য়ত করা) জায়েজ আছে। — আরও হজরত মোজাদ্দেদ (কোঃ) সাহেবের মকতুবাতের প্রথম খণ্ডে ২২১ মকতুবে ইহার স্পষ্ট দলিল দেখ, উহার সার মর্ম্ম এই যে, এই তরিকাতে (নক্‌শবন্দিয়া, মোজাদ্দেদিয়া তরিকাতে ) তরিকত শিক্ষা দিওয়াতে ও শিক্ষা করাতে পীরি ও মুরিদি (সম্বন্ধ) হয়, টুপী ও সেজরা দেওয়াতে (পীরি ও মুরিদি সম্বন্ধ) হয় না; যেরূপ তরিকার অনেক পীরগণের নিয়ম হইয়া পড়িয়াছে, এমন কি ইহাদের পরের জামানার মোর্শেদেরা কেবল টুপী ও শেজরা দেওয়াকে পীরি ও মুরিদি স্থির করিয়াছেন, এজন্য তাঁহারা কয়েক পীরের নিকট মুরিদ হওয়া জায়েজ বলেন না, আর যে তরিকতের শিক্ষাদাতা سلوک الی الله ছলুক এলাল্লাহশিক্ষা দেন ও তাছাওয়োফের মস্‌লাগুলি বুঝাইয়া দেন, তাহাকে মোর্শেদ বলেন, পীর বলিয়া ধারণা (খেয়াল) করেন না এবং তাঁহার সম্বন্ধে পীরের ন্যায় আদব কায়দা প্রতিপালন ( রেয়াএত ) করেন না, কিন্তু ইহা তাহাদের নিতান্ত নাদানি (অনভিজ্ঞতা) ও না বুঝিবার কারণে ঘটিয়া থাকে। তাহারা এতটুকু জানেন না যে, তাহারা যে পীরগণের ছেলছেলায় (খান্দানে) মুরিদ হইয়াছেন, তাঁহারা পীরে তা'লিম অর্থাৎ প্রথমে যাহার নিকট মুরিদ হইয়াছেন, এবং শিক্ষা পাইয়াছেন এবং পীরে-ছোহবত অর্থাৎ নিজের নফ্‌ছ পাক (আত্মাশুদ্ধ) করিবার এবং

আল্লাহতায়ালার প্রেমিক ( মোহেব্ব) ও প্রেমাস্পদ (মহবুব) হওয়ার জন্য যাহার সঙ্গ লাভ করিয়া থাকে, উভয়কে পীর বলিয়াছেন এবং কয়েক পীরের নিকট বয়য়ত করা জায়েজ স্থির করিয়াছেন। বরং প্রথম পীরের জীবিতাবস্থ'য় যদি কোন তালেব (তরিকত শিক্ষার্থী ) নিজের উন্নতি ও হেদাএত অন্য স্থানে (অন্যপীরের নিকট) দেখে, তবে সে প্রথম পীরকে এনকার না করিয়া দ্বিতীয় পীর এখতিয়ার করিবে, ইহা তাহার পক্ষে জায়েজ হইবে। হজরত খাজা বাহাওদ্দিন নক্‌শবন্দ (কাঃ) উহা জায়েজ হওয়ার সম্বন্ধে বোখারার আলেমগণের নিকট হইতে ফৎওয়া লিখাইয়া লইয়াছিলেন।

অবশ্য যদি এক পীরের নিকট এবাদতের (মুরিদ হওয়ার) খেরকা লইয়া থাকে, অর্থাৎ যদি এক পীরের নিকট সুফিগণের তরিকত শিক্ষা করার উদ্দেশ্যে প্রথমে মুরিদ হইয়া থাকে, তাঁহার অছিলায় এক খান্দানে দাখিল হইয়া থাকে এবং এই পীরের উপর তাহার অতিশয় ভক্তি (এতেকাদ ) থাকে,তবে অন্য পীরের নিকট মুরিদ হইবে না অর্থাৎ প্রথম পীরের এই ভক্তিকে বাতিল করিয়া, এই প্রথম মুরিদ হওয়াকে অনর্থক (ফজুল) বুঝিয়া দ্বিতীয় পীরের নিকট মুরিদ হইবে না এবং প্রথম পীরের উপর অভক্তি প্রকাশ করিবে না; কেননা ইহাতে সন্দেহ ও চিত্তচাঞ্চল্যে (তারদ্দোদে) পড়িবে, বরং যদি অন্য পীর হইতে খেরকা লইতে চাহে, তবে তাবার্রোকের খেরকা লইবে, অর্থাৎ বরকত লাভ করার জন্য অন্য পীরের নিকট বয়য়ত করিবে ; সুফিদিগের মতে মুরিদ হওয়াকে খেরকা লওয়া বলে। উপরোক্ত বিবরণে প্রমাণ হয় না যে কোন প্রকারে অন্য পীরের নিকট মুবিদ হইতে নাই, বরং এক পীরের নিকট মুরিদ হইবে, দ্বিতীয় পীরের নিকট তরিকত শিক্ষা করিবে এবং তৃতীয় পীরের সঙ্গে থাকিবে, ইহা জায়েজ আছে। যদি এই তিনটী বিষয় এক জনের দ্বারা সমাধা (হাসেল ) হয়, তবে কি উৎকৃষ্ট নেয়ামত ? একজন লোক হজরত

মোর্শেদ বরহক (সৈয়দ আহম্মদ মোজাদ্দেদ সাহেব) কে জিজ্ঞাসা করিয়াছিল যে, যাহারা দুই তিন পীরের নিকট মুরিদ হয়, কেয়ামতের দিবসে পীরেরা এইরূপ মুরিদকে নিজে নিজের দিকে টানিয়া চিরিয়া ফাড়িয়া ফেলিবেন, ইহাতে হজরত মোর্শেদ বলিয়াছিলেন, কেয়ামতের দিবস পা পিছলায়া যাওয়ায় (পদস্কলিত হওয়ার) সময়, চিরিবার ও ফাড়িবার সময় নহে। আর যদি কাহারও পা পিছলিয়া যায়, তবে এক ব্যক্তি উহার হাত টানিয়া ধরিলে, তাহার অধিক ক্ষমতা হইয়া থাকে। আর যদি দুই তিন ব্যক্তি তাহার হাত টানিয়া ধরেন, তবে তাহার আরও অধিক শক্তি হইয়া থাকে। সোবহানাল্লাহ, তিনি কেমন উৎকৃষ্ট (মনাকর্ষণকারী) উত্তর দিয়াছেন। সত্য কথা, কেয়ামতের দিবস ঐরূপ হইবে, বিনা সন্দেহে আল্লাহ্তায়ালার হুকুমে মোর্শেদগণের দ্বারা সাহায্য লাভের আশা আছে।

এক্ষণে এই খাকছার বলে, কোন ব্যক্তি এক মোর্শেদের নিকট মুরিদ হইয়াছে, কিন্তু তাঁহার সঙ্গে থাকিতে, জেকর, শোগল শিক্ষা করিতে, তাছাওয়োফের মর্ম্ম সকল শুনিতে তহকিক করিতে (ভাল রূপে বুঝিয়া লইতে) সুযোগ পায় নাই এবং নাকেছ (অপরিপক্ক) রহিয়া যায়, আর এই সমস্ত কথা শিক্ষা দিতে উপযুক্ত কোন অন্য পীর পাওয়া যায়, তবে অবশ্য অবশ্য তাঁহার নিকট মুরিদ হইবে এবং তাঁহার নিকট নিজের দীন শিক্ষা করিবে, কিছুতেই ইহাতে সন্দেহ করিবে না। সাহাবাগণ হজরত নবি ছাল্লাহে আলায়হে অছাল্লামের নিকট মুরিদ হইয়াছিলেন, কেয়ামত পর্য্যন্ত তাহাদের অন্য কাহারও নিকট মুরিদ হওয়ার আবশ্যক ছিল না, ফয়েজ ও নিয়ামতে তাঁহারা তৃপ্তি লাভ করিয়াছিলেন (কামেল হইয়াছিলেন), ইহা সত্ত্বেও তাঁহারা নেক নিয়ত দীনের উন্নতির (তরক্কির ) ও অন্য কোন সদুদ্দেশ্যের (ভালাইর) জন্য পুনরায় পরপরে হজরত ছিদ্দিক আকবর (রাঃ) হজরত ওমার (রাঃ) হজরত ওছমান (রাঃ) ও হজরত আলির (রাঃ) নিকট মুরিদ

হইয়াছিলেন। খোদাতায়ালা তাঁহাদের উপর রাজি হউন।

মোকাশাফাতের রহমত, ২৫ পৃষ্ঠাঃ—

اور جنکو حضرت سید صاحب سے ایسا اعتقاد نہوے لوگ جسکو
مرشدی کا مرتبہ والا پاویں اسکو اپنا مرشد مقرر کریں اور حق
یہ ہے کہ سارے اللہ والوں کے طریقہ ایک ہیں اور سبکا اصل مقصود
توحید اور اتباع سنت ہے سید صاحب کے طریقہ پر منحصر نہیں *

আর যাহার সৈয়দ (আহমদ) সাহেবের উপর এরূপ ভক্তি না হয়, লোকে যাহাকে মোর্শেদের উপযুক্ত পান, তাঁহাকেই মোর্শেদ স্থির করিবেন সত্য কথা এই যে, সমস্ত ওলিউল্লাহ (ওলি)র তরিকা এবং সকলের মূল উদ্দেশ্য তওহিদ ও সুন্নতে তাবেদারি করা, ইহা কেবল সৈয়দ ছাহেবের তরিকার মধ্যে সীমাবদ্ধ ( মোনহাছের ) নহে।"

শাহ অলিউল্লাহ্ দেহলবী কওলোল জমিল কেতাবের ২১ পৃষ্ঠায় লিখিয়াছেন;—তরিকতের পীরের পাঁচটী সর্ত্ত আছে, তন্মধ্যে এক শর্ত্ত এই যে, বহুকাল কামেল পীরের খেদমতে থাকিয়া এল্মেবাতেনি ও নূরে বাতেনি শিক্ষা করিয়া থাকেন।

পাঠক, এক্ষণে আসল কথা শুনুন, বর্ত্তমানে বাঙ্গালা দেশে ফুরফুরার জনাব হ্জরত মাওলানা শাহ্ মোহম্মদ আবুবকর সাহেব একজন উপযুক্ত কামেল মোকাম্মেল পীর, হজরত মোজাদ্দেদে আল্ফেছানির মকতুবাত, মাওলানা শাহ আবদুররহিম সাহেবের আনফাছে রহিমা, মাওলানা শাহ্ ওলিউল্লাহ সাহেবের কওলোলজমিল, এন্তেবাহ্ ফি ছালাছেলে আওলিয়ায়েল্লাহ্ হজরত কইয়মে ছানি হজরত মোহম্মদ মা'ছুম সাহেবের ছারবয়ে আছরার ও মলফুজাত, হজরত মোজাদ্দেদ সৈয়দ আহমদ সাহেবের মলফুজাত

ছেরাতোল মোস্তাকিম, মাওলানা হজরত কারামত আলি সাহেবের জাদোযাক্ওয়া, নূরোল-আলানূর, রফিকোছ ছালেকিন ইত্যাদি কেতাবসমূহে তরিকতের যেরূপ নিয়মাবলী লিখিত আছে, সেই নিয়মে শিক্ষা দিতে উপযুক্ত পীর বাঙ্গালা দশে ফুরফুরার পীর সাহেব ব্যতীত অন্য কাহাকেও দেখিতে পাওয়া যায় না, খোদাতায়ালার মেহেরবানিতে বহু সহস্র মুনশী, মৌলবি ও মাওলানা তাঁহার নিকট উক্ত তরিকত শিক্ষা করিয়া কামেল হইয়াছেন।

মাওলানা কারামত আলি মরহুম মগফুর সাহেবের উপদেশ অনুযায়ী নওয়াখালি, চট্টগ্রাম, ত্রিপুরা, বরিশাল ইত্যাদির সহস্রাধিক আলেম, মৌলবি ও মাওলানা তরিকত, মারেফত শিক্ষার কোন উপযুক্ত পীর তাঁহাদের দেশে না পাইয়া সুদূর হুগলী জেলার ফুরফুরা গ্রামে উপস্থিত হইয়া উক্ত বঙ্গের উজ্জ্বল রত্নের নিকট মুরিদ হইতেছেন এবং বহুদিবসের মনোবাসনা পূর্ণ করিতে সক্ষম হইতেছেন, যদি তাঁহাদের দেশে তরিকতের কামেল মোকাম্মেল পীর থাকিত, তবে, তাঁহারা কেন এত অর্থব্যয় ও কষ্ট স্বীকার করিতেন ?

জৌনপুরী মাওলানাগণের খেদমতে ২০ বৎসর থাকিয়াও যখন তরিকতের কোনই উন্নতি লাভ হয় না,তখন আর সুবিজ্ঞ আলেমগণ কিরূপে তাঁহাদের খেদমতে থকিয়া অমূল্য জীবন বৃথা নষ্ট করিবেন। উক্ত মাওলানাগণের কঠোর নিষেধাজ্ঞা সত্ত্বেও তাঁহারা পঙ্গপালের ন্যায় সেই ফুরফুরার হাদিয়ে জামানার দিকে ছুটিতে লাগিলেন, তাঁহাদের মুরিদগণের প্রয় বার আনা লোককে অন্য পীরের খেদমতে উন্মত্ত দেখিয়া আর জৌনপুরী মাওলানাগণের সহ্য হইল না, কাজেই এক আশ্চর্য্য ফৎওয়া জারি করিলেন, যাহা কেয়ামতের পরেও তাহাদের কলঙ্কের চিহ্নস্বরূপ বর্ত্তমান থাকি।

নিরপেক্ষ পাঠক, ইহাকি দ্বেষ হিংসা নহে ? যাহা হউক, তাঁহাদের ফৎওয়ার নকল করিয়া এস্থলে উহার সত্যাসত্যের (হক নাহক হওয়ার)

বিচার আলেম সম্প্রদায়ের উপর ন্যস্ত করিব।

## ফৎওয়া ঃ—

ফকির মহাম্মদ হামেদ এব্নে আলী জৌনপুরীর তরফ হইতে ঃ—

দিনী মুসলমান ভ্রাতাগণের খেদমতে, "আচ্ছালামো আলাইকুম ওয়ারাহমাতুল্লাহে ওয়াবারাকাতুহু" পর জানাইতেছি যে, ফুরফুরিয়া সম্প্রদায়ের পরিচালকগণ, কলেমায় তাইয়েবা লাইলাহাইল্লাল্লাহু মহাম্মদোর রাছুলোল্লাকে, অলীক অর্থাৎ অপ্রকৃতভাবে সাজিত ও আপন মনগড়া শিজরাতে পরিবর্ত্তন করিয়া ঐ কলেমার জায়গায় 'ইয়াআল্লাহু, রাছুলাল্লাহে, আবুবাকার, ওমার; লাইলাহা ইল্লাল্লাহু মহাম্মদ ওছমান আলী" লিখিয়া দিয়াছে। তাহার মানি এই যে, " যেই আল্লা সেই আবুবকর, সেই ওমার আর মহম্মদ, ওছমান ও আলী ব্যতীত অন্য কোন মাবুদ নাই" নাউজ বিল্লাহে মিন্ জালীক। ইহাতে বুঝা যায় যে, এই কলেমা রচনাকারী, সিয়া মজহাব ভুক্ত রাফিজি ছিল। সেমতে আপনাকে চারী ইয়ারী বানাইবার ইচ্ছা করিয়াছিল কিন্তু মুর্খতা বশতঃ চারী ইয়ারী শিয়াদের কলেমা ঠিক মত আদায় করিতে পারে নাই। তাহতে কুফরী কলেমা বকিয়া দিয়াছে।

ইহাও নির্দ্দিষ্ট আছে যে যাহারা কলেমা তাইয়েবাকে পরিবর্ত্তন করে; তাহারা বেদীন ও বেইমান এবং মুসলমান ধর্ম্ম হইতে খারিজ, ইহা মুসলমান ভ্রাতাগণের জানা আছে। যদিও কোন খোদ্ মৎলবী, দুঃসাহসী ব্যক্তি মিছামিছি কথায় লিপ্ত হইয়া, সেমত অযথা বর্ণনা করিয়া থাকে থাকুক। কিন্তু এখন মুসলমান ভ্রাতাগণের জ্ঞাত হওয়া আবশ্যক ও ওয়াজেব যে, ফুরফুরিয়া সম্প্রদায়ের পরিচালকদের কিম্বা তাহাদের খলিফাগণের নিকট মুরিদ হওয়া, যোগী সন্ন্যাসীদের নিকট মুরিদ হওয়ার তুল্য বৈ আর কিছুই নহে।

খবরদার হুসিয়ার যাহারা আপন দিন ও ইমান বজায় রাখিতে

চাহেন, তাহারা কখনও তাহাদের ধোকার জালে আবদ্ধ হইয়া তাহাদের মুরদি বলিয়া, দীন্ ইমান বরবাদ করিবেন না আর ইহাও জানিবেন যে, এমত কলেমা ওয়ালাকে মুসলমানী শরিয়তে মোসরেক বলে। মোস্রেকদের সঙ্গে এক আল্লাবাদী মুসলমানগণের খাওয়া, পিয়া, মেল, সমাজ বিবাহ্ আদি সম্বন্ধ করা এবং তাহাদের হাতে তওবা বয়াত করা সরিয়তে জায়েজ নাই। আর তাহাদের পিছে নামাজ পড়া ও জানাজা পড়া ইত্যাদি দোরস্ত নাই। আর তাহাদের শিজ্রায় আরয যে যে অশুদ্ধ কেতাব সমূহে যে সমস্ত সেরেক কার্য্যের কথাগুলি লিখা আছে, তাহা মুসলমান ভ্রাতাগণের ফায়দার জন্য, খোদার ফজলে সময়মত এ ফকির বিস্তারিত ভাবে প্রচার করিব। কেননা এমন সরিয়ত বিরুদ্ধ কথা রচকের রচনার বিরুদ্ধে সরিয়তের নেগাবানীর জন্য প্রতিবাদ করা ওয়াজেব বলিয়া 'সামী' কেতাবের পঞ্চম জেলেদের ২৭১ পৃষ্ঠায় আছে। যাহারা ইচ্ছা করেন ঐ কেতাব দেখিয়া লইবেন।

যাহারা উহাদের উক্ত রচিত কবিতাকে ছহি বলিয়া হট ও উল্ট া তর্ক করে তাহাদিগকে, এই মাত্র বলিলে হয়, তোমরা আপন শিজরার প্রথমে যে কলেমা লিখিয়াছ, তাহা কোথা হইতে নকল করিয়াছ। ও এই প্রকারের লিখা কোন কেতাবে দেখাইতে পার কি ? ইন্সা আল্লাহ তালা, ইহাতেই উহাদের উল্টা তর্কের বাক বন্ধ হইয়া যাইবে। অধিক কথার আবশ্যক করিবে না। ইতি ১৩৩০ সন।

প্রচারক

محمد حامد بن على جونپوري *

পাঠক, জৌনপুরী হজরত মাওলানা কারামত আলি মরহুম মগফুর সাহেবের পুত্র মাওলানা মহম্মদ হামেদ সাহেব এই একখানা বাঙ্গালা এশতেহার জারি করিয়াছেন, এইরূপ একখানা উর্দ্দু এশতেহার জারি করিয়াছেন, উর্দ্দু ও বাঙ্গালা উভয় এশতেহারের মধ্যে নিম্নোক্ত

কথাগুলির এখতেলাফ (তারতম্য ) দেখা যায়।

(১) উর্দ্দু এশতেহারে আছে ; ফুরফুরার সমাজের (সম্প্রদায়ের) লোকেরা শেজ্‌রাতে কলেমা বদল করিয়া ফেলিয়াছে। আর বাঙ্গালা এশতেহারে আছে, —ফুরফুরিয়া সম্প্রদায়ের পরিচালকগণ কলেমা পরিবর্ত্তন করিয়াছেন। উর্দ্দু এশতেহাবের মর্ম্মে বুঝা যায় যে, ফুরফুরার পীর সাহেবের সমস্ত মুরিদ যদি ও তাহারা কখনও উক্ত শেজ্‌রা পড়েন নাই বা দেখেন নাই, তবু তাহারা শেজরাতে কলেমা বদলাইয়া কাফের হইয়াছেন। বাঙ্গালা এশতেহারের মর্ম্মে বুঝা যায় যে; ফুরফুরার পীর সাহেবের সমস্ত খলিফা যদি ও তাঁহারা উক্ত প্রকার শেজরা ছাপান নাই, পড়েন নাই বা দেখেন নাই তবু তাহারা শেজরাতে কলেমা বদল করিয়া কাফের হইয়াছেন।

এক্ষণে আমি আদবের সহিত এশতেহারের প্রচারক মাওলানা সাহেবকে জিজ্ঞাসা করি, আপনার উর্দ্দু এশতেহার অনুযায়ী ফুরফুরার হজরতের সমস্ত মুরিদ কাফের হইয়াছে, আর আপনার বাঙ্গালা এশতেহার অনুযায়ী ফুরফুরার হজরতের কেবল পরিচালকগণ (অর্থাৎ খলিফাগণ) কাফের হইয়াছেন, এইরূপ দুইটী বিপরীত বিপরীত ফৎওয়ার মধ্যে কোন্‌টি সত্য ও কোন্‌টি বাতীল বা মিথ্যা, তাহা আমাদ্দিগকে জানাইয়া বাধিত করিবেন।

দ্বিতীয় ফুরফুরার হজরতের সমস্ত মুরিদ ত শেজ্‌রা ছাপান নাই, বা দেখেন নাই অথবা পড়েন নাই, তবে কি করিয়া সমস্ত মুরিদ শেজ্‌রা তৈয়ার করিলেন, বা কলেমা বদল করিলেন ?

তৃতীয় তাঁহার সমস্ত খলিফা উক্ত প্রকার শেজ্‌রা ছাপান নাই বা গ্রহণ করেন নাই, তবে কিরূপে সমস্ত খলিফা কলেমা বদলাইলেন ? ফুরফুরার হজরতের খলিফা জনাব সুফি ছদরদ্দিন সাহেব যে শেজ্‌রা ছাপাইয়াছেন, উহাতে শেজ্‌রার উপর এইভাবে কলেমা লেখা আছে,—

لَا اِلٰهَ اِلَّا اللّٰهُ مُحَمَّدٌ رَّسُوْلُ اللّٰهِ ●

লা এলাহা ইল্লাল্লাহো মোহাম্মদোর রসুলোল্লাহ্

তাঁহার দ্বিতীয় খলিফা বরিশালের মাওলানা নেছারউদ্দিন সাহেব ১৩২৫ সালের মুদ্রিত "নছব নামা ছিদ্দিকিয়া" ও "সেজ্বরা তহিয়েবা নামক রেছালার ২য় সংস্করণে নিম্নোক্ত প্রকার কলেমা লিখিয়াছেন,—

يا الله

ابوبكر رض ........................ عمر رض

لا اله الا الله محمد رسول الله ●

عثمان رض ........................ على رض



এস্থলে তিনি কলেমা লিখিয়া উহার চারি দিকে পৃথক ভাবে চারি সাহাবার নাম লিখিয়াছেন।

আর আমি আমার 'নিকাহ্ ও জানাজা তত্ত্ব কেতাবে যে সেজরা লিখিয়াছি, উহার প্রথম ও দ্বিতীয় সংস্করণে আদৌ কলেমা শরিফ লিখি নাই। তৃতীয় সংস্করণে কেবল লেখা হইয়াছে, —

لا اله الا الله محمد رسول الله ●

"লা-এলাহা ইল্লাল্লাহ্ মোহাম্মদোর রাছুলুল্লাহ্।"

আর তাঁহার চতুর্থ খলিফা সুফি তাজাম্মোল হোছাএন সাহেব যে সেজরা ছাপাইয়াছেন, তাহাতে তিনি নিম্নোক্ত প্রকার কলেমা ছাপাইয়াছেন,—

এই সেজরাতে তিনি কলেমার সঙ্গে অন্য কাহারও নাম লিখেন নাই। মূল কথা, ফুরফুরার সমস্ত খলিফা এশ্‌তেহার লিখিত শেজ্‌রা ছাপান নাই বা গ্রহণ করেন নাই, তবে সমস্ত খলিফা কিরূপে শেজ্‌রাতে কলেমা বদল করিলেন ?

চতুর্থ, যে মুরিদ উক্ত সেজ্‌রাখানা লইয়াছে, কিন্তু উক্ত শেজ্‌রা লিখিত কলেমা পড়েন নাই বা উহার ভাল মন্দের দিকে খেয়াল (ধেয়ান) করেন নাই, সে ব্যক্তি কিরূপে কলেমা বদল করিল বা কাফের বেঈমান হইল ?

পঞ্চম, যে অপরিচিত ব্যক্তি উক্ত শেজরাতে কলেমা লিখিতে দিয়াছিল, যদি সে ব্যক্তির ফরমাএশের বিপরীত ছাপার ভুলে উক্ত প্রকার কলেমা ছাপা হইয়া থাকে, তবে সে কিরূপে কলেমা বদল করিল বা কাফের হইল ?

ষষ্ঠ যদি সে ব্যক্তি উক্ত প্রকার কলেমা লিখিয়া উহার নির্দ্দোষ অর্থ গ্রহণ করিয়া থাকে, তবে সে বক্তি কিরূপে কাফের হইবে ?

২ নং শেজ্‌রাতে 'রাসুলোল্লাহ শব্দ আছে, কিন্তু মাওলানা মোহাম্মদ হামেদ সাহেব প্রচারিত বাঙ্গালা বিজ্ঞাপনে 'রাসুলাল্লাহ' শব্দ লেখা হইয়াছে, আর তাঁহার উর্দ্দু বিজ্ঞাপনে উক্ত শব্দের লামের উপর জবর বা পেশ কিছুই লেখা হয় নাই, এক্ষণে যদি উর্দ্দু বিজ্ঞাপনেও রাসুলাল্লাহ্ পড়িতে হয়, তবে আমাদের জিজ্ঞাস্য এই যে, আসল সেজরাতে ও রসুলোল্লাহ শব্দ আছে, এশ্‌তেহার রাসুলাল্লাহ লিখিয়া জাল করা হইল কিনা ?

আর যদি উর্দ্দু এশ্‌তেহারে রাসুলোল্লাহ্ পড়িতে হয়, তবে, উর্দ্দু এশ্‌তেহারের তর্জ্জমা করিতে গিয়া বাঙ্গালা এশ্‌তেহারে জাল করা হইয়াছে কিনা ?



(৩) উর্দ্দু এশ্‌তেহারে শেজরা লিখিত কলেমার অর্থ লেখা হইয়াছে, " যে আল্লাহ্ সেই রসুলোল্লাহ, সেই আবুবকর, সেই ওমার।"

আর বাঙ্গালা এশ্‌তেহারে লেখা আছে, "যেই আল্লা সেই আবুবকর সেই ওমর।"

উর্দ্দু এশ্‌তেহারে 'সেই রাসুলোল্লাহ' শব্দ আছে, কিন্তু বাঙ্গালা এশ্‌তেহারে উক্ত শব্দ নাই। এক্ষণে কোন্ অর্থটী ঠিক তাহাই আমাদের জিজ্ঞাস্য।

পাঠক! এক্ষণে আসুন ফুর্‌ফুরার পীর সাহেব কেবলার শেজরার সম্বন্ধে আলোচনা করুন।

১নং

জনাব পীর সাহেব কেবলা যে শেজরাটী তাহার প্রিয় খলিফা, জনাব সুফি তাজাম্মোল হোছেন ছাহেবকে ছাপাইতে হুকুম দেন, উক্ত শেজ্‌রাতে উল্লিখিত ১নং লিখিত কলেমা তোগরা লেখার ধরণে ছাপান হইয়াছে। আসলে উহাতে লিখিত আছে, ইয়া আল্লাহ লাএলাহা ইল্লালাহ্ মোহাম্মাদোর রাছুলুল্লাহ্, আবুবকর (রাঃ), ওমার (রাঃ) ওছমান (রাঃ), আলি (রাঃ)।

এস্থলে 'রাছুলুল্লাহ' শব্দ তৃতীয় ছত্রে হইবে, আবুবকর (রাঃ) ওমার (রাঃ)," এই শব্দগুলি দ্বিতীয় ছত্রে বসিবে, কিন্তু দ্বিতীয় ছত্রে এই শেষ শব্দগুলির স্থান ভালরূপে সঙ্কুলান হয় না, এইজন্য দ্বিতীয় ছত্রের শব্দগুলি তৃতীয় ছত্রে এবং তৃতীয় ছত্রের শব্দটী দ্বিতীয় ছত্রে ছাপান হইয়াছে। ইহাই তোগরা লিখনের নিয়ম, ইহাতে কোন দোষ হইতে পারে না।

তোগরার নিয়মে কোন আয়ত কলেমা ইত্যাদি লিখিলে, যে উপরের শব্দ নীচে এবং নীচের শব্দ উপরে লেখা জাজেয় আছে, ইহাতে আলেমগণের মতভেদ নাই, এইহেতু কলিকাতা ও হিন্দুস্থানের বড় বড় শহরের মছজিদে বা কবরস্থানে, এবং মক্কা ও মদিনার কবরস্থানে বা মছজিদে, কিম্বা দিল্লী, মক্কা ও মদিনার পুরাতন টাকাতে কলেমা, কোন আয়েত বা নাম তোগরার নিয়মে লিখিত আছে।

নিম্নে তোগরার কয়েকটী প্রমাণ পেশ করা হইতেছে;—

(১) মিরাঠের হাসিমি প্রেসে মুদ্রিত সহিহ্‌ বোখারির প্রথমে একটী আয়েত তোগরা অক্ষরে এইভাবে লেখা আছে;—

উপরের দিক্‌ হইতে পড়িলে, “আরহিমোর রাহমানো হুওয়া” হয়, কিন্তু মূলে আয়েতটী “হুওয়ার রাহমানোর রহিম” হইবে আরও উক্ত কেতাবের প্রথমে তোগরার নিয়মে এই একটী দরুদ শরিফ লেখা আছে;—

দরুটী এই,—

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى مُحَمَّدٍ وَّعَلٰى اٰلِ
مُحَمَّدٍ وَّبَارِكْ وَسَلِّمْ ●

কিন্তু তোগরায় এরূপ ভাবে শব্দগুলির পরিবর্ত্তন হইয়াছে যাহার কোন প্রকার অর্থ সহিহ্ হইতে পারে না।

(২) কানপুরের নামি প্রেসে মুদ্রিত সহিহ্ আবু দাউদের প্রথমে একটী আয়ত তোগরা ধরণে লেখা হইয়াছে;—

| غوى و | له | الله | و هن | شد | له | الله | اطا |
|---|---|---|---|---|---|---|---|
| ضلل | سو | و | ى | ر ر | رسو | | |
| فقد | ر | يعص | هتد | فقد | و | ع | و من |

আয়টী এই যে, —

و من اطاع الله و رسوله فقد رشد و اهتدى و من يعص الله و
رسوله فقد ضل و غوى ●

কিন্তু তোগরা ধরণে এরূপভাবে লেখা হইয়াছে যাহাতে কোন প্রকার শুদ্ধ শব্দ বা অর্থ হইতে পারে না।

(৩) দিল্লির মোজতাবারি প্রেসে মুদ্রিত এবনে মাজার প্রথমে একটী আয়ত তোগরা ভাবে লিখিত আছে;—

এস্থলে আয়তটী তোগরা ভাবে লেখায় উক্ত প্রকার হইয়াছে।

(৪) হেদায়ার প্রথম খণ্ডে একটি আয়ত তোগরা ভাবে লেখা আছে ;—

এস্থলেও আয়তটীর শব্দগুলি এরূপ ভাবে সাজান হইয়াছে যাহার কোন অর্থ হইতে পারে না।

(৫) তফসিরে আজিজের ও ফাতাওয়ায় আজিজির প্রথমে তোগরাভাবে লিখিত আছে ;—

يجتبي يشاء ـ ينيب
الله اليه من و يهدي اليه من

শাহ ওলিউল্লাহ্ মোহাদ্দেছ দেহলবির একদোল-জিদ কেতাবের প্রথমে, মাওলানা রশিদ আহমদ গাঙ্গোহি সাহেবের 'শামছোল্লামেয়া ও ছবিলোর-রেসাদ কেতাবের প্রথমে, এমাম রাব্বানি মোজাদ্দেদে আলফে ছানির 'মাবদ ওমায়াদ' কেতাবের প্রথমে ও কাজি ছানাউল্লাহ্ পানিপাতির 'এরশাদোত্তালেবিন' কেতাবের প্রথমে উক্ত আয়তটী

উপরোক্ত প্রকার তোগরা অক্ষরে লিখিত আছে।

(৬) মাওলানা আবদুল হাই লাক্ষ্ণৌবি সাহেব 'নাফয়োল-মুফ্‌তি' কেতাবের প্রথমে নিম্নোক্ত প্রকারে একটি হাদিছের তোগরা লিখিয়াছেন;—

(৭) 'একমাল-ফি-আছমায়ের-রেজাল কেতাবের প্রথমে একটি আয়তের তোগরা লিখিত আছে;—

(৮) মেশকাত শরিফের প্রথমে একটী আয়ত তোগরা ভাবে লিখিত আছে;—

(৯) এসতেহার লেখকের ওয়ালেদ জনাব হজরত মাওলানা কারামত আলী মরহুম সাহেবের "নূরোন-আলা-নূর" কেতাবের প্রথমে নিম্নোক্ত আয়াতটী তোগরা ভাবে লিখিত আছে;—

আয়ত এই;—

يهدي الله لنوره من يشاء ٭

"ইয়াহ দিয়াল্লোহো লেনুরেহি মাঁই ইয়াশায়ো।" যদি সোজাভাবে পড়া যায়, তবে এইরূপ বিকৃত ভাব হইবে, —

الله ى ره يشاء يهد لنومن ٭

'অল্লাহ্ ইয়া রেহ ইয়াশায়ো ইয়াহ্দে লেনোমেনো।" এস্থলে ফৎওয়া প্রচারক মাওলানা সাহেব তাঁহার ওয়ালেদ মরহুম জনাব কোতব মাওলানা কারামত আলি সাহেবের কোরাণ শরিফের আয়ত বদল করিবার ফৎওয়া দিবেন কি ? যদি না দেন, তবে শেজরা লিখিত কলেমার সম্বন্ধে এইরূপ বিপরীত ফৎওয়া দিলেন কেন ?

(১০) আরও হাজি ইয়াকুক ও হাজি আবদুল কইউম সাহেবদ্বয়ের প্রেসে মুদ্রিত জনাব মাওলানা কারামত আলী সাহেবের 'রকিকোছ্-ছালেকিন' কেতাবের প্রথমে নিম্নোক্ত আয়তটী তোং ভাবে লিখিত আছে,—

| | |
|---|---|
| عليـــك | و علـــى |
| و يتم نعمتـــه | ال يعقـــوب |

আয়তটী এই;—

وَيُتِمُّ نِعْمَتَهُ عَلَيْكَ وَعَلَىٰ آلِ يَعْقُوبَ ●

ওইয়োতেম্মো নে'মাতাহু আলায়কা অ-আ'লা আলে ইয়াকুবা। কিন্তু সোজাভাবে লেখার হিসাবে পড়িতে গেলে এইরূপ বিপরীত ভাব হয়,—

عَلَيْكَ وَ عَلٰى وَيُتِمُّ نِعْمَتَهٗ آلِ يَعْقُوبَ ٭

"অ-আলায়কা অ-আ'লা অইয়োতেম্মো নে'মাতাহু আলে ইয়াকুবা'।

এস্থলে এশতেহার প্রচারক মাওলানা সাহেব তাঁহার ওয়ালেদ মরহুম সাহেবের উপর কোরাণ শরিফের আয়ত উলটাইয়া দিবার ফৎওয়া জারি করিবেন কি?

(১১) মাওলানা আশরাফ আলি সাহেবের 'আছ-ছরুর' কেতাবের প্রথমে দুইটি আয়তের তোগরা নিম্নোক্ত ভাবে লিখিত আছে,—

আয়ত দুইটি এই ;—

قُلْ بِفَضْلِ اللّٰهِ وَ بِرَحْمَتِهٖ فَبِذٰلِكَ فَلْيَفْرَحُوْا هُوَ خَيْرٌ مِّمَّا يَجْمَعُوْنَ ٭

(১২) জৌনপুরের মাওলানা হাফেজ আহমাদ ছাহেবের সেজরার উপরে তোগরা অক্ষরে এইরূপ বিছ্‌মিল্লাহ লেখা আছে ;—

(১৩) জৌনপুরের মাওলানা আবদুর রব ছাহেবের সেজরার উপরে তোগরা অক্ষরে এইরূপ বিছ্মিল্লা লেখা আছে ;—

তাঁহারা উপরোক্ত সেজরা দ্বয়ে বিছ্মিল্লাহ্ উলটাইয়া ফেলিয়াছেন কিনা, তাহাই মাওলানা মোহম্মদ হামেদ ছাহেবকে জিজ্ঞাস্য।

(১৪) দিল্লির বাদশাহদিগের টাকার মধ্যস্থলে তোগরা অক্ষরে কলেমা লেখা থাকিত, উহার চারিপার্শ্বে চারি সাহাবার নাম লেখা থাকিত।

আমি ৯৮৮ হিজরির দুইটি টাকা দেখিয়াছি যাহার নক্শা নিম্নে দেখুন, —

১ নম্বর নক্শায় লেখার নিয়মে সোজাভাবে পড়িলে, এইরূপ হইয়া যায়; "লা আল্লাহো ইল্লা এলাহা মোহাম্মদোর রসুলোল্লাহ্।"

২ নং

২ নম্বর নক্শায় লেখার নিয়মে পড়িলে, এইরূপ বিকৃত ভাষা হয়, "আল্লাহো লা-এলাহা ইল্লা মোহাম্মাদোর রসুলোল্লাহ্।"

উভয় নকশায় তোগরা ভাবে প্রকৃত কলেমা শরিফ লেখা হইয়াছে, কিন্তু যাহারা তোগরা পড়িতে না জানেন, তাহারা বিপরীত ভাবে পড়িতে পারেন, এমন কি ২ নম্বর নক্শায় সোজা লাইনে পড়িলে, এইরূপ বিকৃত মর্ম্ম হয়, " মোহাম্মাদোর রছুলোল্লাহ্ ভিন্ন এবাদতের যোগ্য (মা'বুদ) আর কেহ নাই। (নাউজো বিল্লাহে মেনহো)

এক্ষণে 'ছালাহোল মোয়াহ্হেদীন' নামক এশতেহার লেখক বা ছোব্হে ছাদেক লেখক মাওলানা সাহেব দ্বয় উক্ত টাকার সম্বন্ধে কি ফৎওয়া জারি করিবেন? সেই সময়ের দিল্লীর যাবতীয় আলেম ফাজেল, পীর বোজর্গগণ উক্ত টাকা ব্যবহার করিতেন, তাঁহারা উক্ত মাওলানা

সাহেবদ্বয়ের ফৎওয়া অনুযায়ী কাফের, মোশরেক, বেদীন, বেইমান, যোগী ও সন্নাসী ছিলেন কি না, তাহাই আমাদের জিজ্ঞাস্য।

পাঠক, শেজরাতে কলেমার সহিত চারিজন সাহাবার নামোল্লেখ করা হইয়াছে, এজন্য এশতেহার লেখক উক্ত শেজরা লেখককে চার ইয়ারী শিয়া বলিয়া দাবি করিয়াছেন। কিন্তু যে ব্যক্তি শরহে মাওয়াকেফ, শরহে মাকাছেদ, আকায়েদে আজদিয়া, হাশিয়ায় খেয়ালি, হাসিয়ায় আবদুল হাকিম, আছাছোছ্ তকদিছ, শরহে ফেকহে আকবর, শরহে-বদয়োল-আমালি, গায়াতোল আমানি, মেলাল অন্নেহাল, হাশিয়ায় রমজান আফেন্দি, হাশিয়ায় আল্লামা আমির, হশিয়ায় অহমদ ছাবি, শরহে-শনুছি, হাশিয়ায় মহম্মদ, এদছুকি, হাশিয়ায় শেখ কালাম্বাবি, গুনইয়াতোত্তালেবিন, তলবিছে ইবলিছ দেখিয়াছেন, তিনি অবশ্য জানেন যে রাফেজি শিয়ারা কেবল হজরত আলি (রাঃ) কে মান্য করিয়া থাকেন, তাহারা হজরত আবুবকর, হজরত ওমার ও হজরত ওছমান (রাজিঃ) কে মানেন না, বরং এই তিন খলিফাকে কাফের ; মোশরেক ও মোনাফেক পর্য্যন্ত বলিয়া থাকেন, (নাউজো বিল্লাহে মেন জালেক)।

যিনি আকায়েদে নাছাফি পড়িয়াছেন, তিনিও বলিবেন যে, রাফেজি শিয়ারা উক্ত তিন সাহাবাকে মানেন না, ইহাতেই বোধ হয় যে, উক্ত এশতেহার জনাব মাওলানা হামেদ সাহেবের লিখিত এশতেহার নহে, বিশেষ সম্ভব তাঁহার কোন নহোছরফ, ফেক্হ ও আকায়েদ অনভিজ্ঞ মুরিদের কারছাজি হইবে, নচেৎ যাহা শিয়া রাফেজিদিগের মতে নহে, তাহা তাহাদের মত বলিয়া কেন প্রচার করা হইল ?

কোরাণ সুরা ফৎহ্

مُحَمَّدٌ رَسُولُ اللّٰهِ وَ الَّذِيْنَ مَعَهٗ اَشِدَّاۤءُ عَلَى الْكُفَّارِ رُحَمَاۤءُ بَيْنَهُمْ الخ ٭

" মোহাম্মদ, আল্লাহ্‌র রাছুর এবং যাহারা তাঁহার সঙ্গে আছেন তাঁহারা কাফেরদের উপর কঠিন, পরস্পরে নিজেদের মধ্যে দয়াশীল।"

এস্থলে খোদাতায়ালা হজরতের নামের সঙ্গে সাহাবাগণের সুখ্যাতি করিয়াছেন। এইরূপ কোরাণ মজিদে উক্ত সুরায়, সুরা তওবা, সুরা আলএমরান, সুরা মায়েদা, সুরা আনফাল বা অন্যান্য সুরায় সাহাবা গণের সুখ্যাতির কথা উল্লেখ আছে, মুসলমানগণ নামাজে উক্ত সুরাগুলি পাঠ করিয়া থাকেন। এশতেহার লেখক সাহেবের মতে কলেমার সঙ্গে চারি সাহাবার নামোল্লেখ করিলে, শিয়া চারি ইয়ারি হইতে হইল, এক্ষেত্রে যাহারা নামাজে উক্ত সাহাবাগণের সুখ্যাতি সংক্রান্ত আয়তগুলি পড়েন, তাহারা শিয়া রাফেজি হইবেন কি না ?

ছাওয়াএকে মোহরাকা, ৪৯ পৃষ্ঠা ;—

انه صلى الله عليه و سلم قال كنت انا و ابوبكر و عمر و عثمان وعلى انوارا على يمين العرش قبل ان يخلق آدم بالف عام ٭

" নিশ্চয় (হজরত) নবি (সাঃ) বলিয়াছেন, আমি, আবুবকর, ওমর, ওছমান ও আলি, (হজরত) আদম (আঃ) এর পয়দা হওয়ার এক হাজার বৎসর পূর্ব্বে আরশের ডাহিন দিকে (পাঁচটী) নূর ছিলাম।"

এক্ষণে এশ্‌তেহার লেখক সাহেব; আল্লাহতায়ালা যে হজরতের নূরের সঙ্গে তাঁহার চারি সাহাবার নূরকে আরশে রাখিয়াছিলেন, এজন্য উক্ত আল্লাহতায়ালার উপর কোন ফৎওয়া জারি করিবেন কি?

আমি মদিনা শরিফের একটি টাকায় নিম্নোক্ত প্রকার কলেমার নক্‌শা দেখিয়াছি ;

৩ নং

এই নক্‌শায় কলেমার চারি পার্শ্বে চারি সাহাবার নাম লেখা আছে এই টাকা অবশ্য মক্কা ও মদিনা শরিফের আলেম ও দরবেশগণ ব্যবহার করিতেন, যদি কলেমার সঙ্গে চারি সাহাবার নাম লিখিলে, চারি ইয়ারি শিয়া হইতে হয়, তবে মক্কা ও মদিনা শরিফের আলেম ও পীরগণ চারি ইয়ারি শিয়া ছিলেন ?

পাঠক, উক্ত ১/২/৩ নম্বর টাকাগুলি জেলা ত্রিপুরা, পোঃ

কামারাঙ্গা ও সাং শ্রীপুরের অধীনে হাজি জমিরদ্দিন সাহেবের নিকট আছে।

আমি একটী শিয়া বাদশাহ্‌র টাকা দেখিয়াছি, যাহার নক্‌শা নিচে দেখুন ;—

৪ নং

এই টাকায় কলেমার চারি দিকে আলি, ফাতেমা হাছান ও হোছাএন এই চারিটী নাম লেখা আছে।

ইহা শিয়াদের খাস চিহ্ন তাঁহারা এই উম্মতের মধ্যে উক্ত চারিজনকে সর্ব্বশ্রেষ্ঠ ধারণা করেন, এইজন্য প্রথম তিন খলিফার নাম না লিখিয়া উক্তস্থলে ফাতেমা, হাছান ও হোছাএন এই তিনটী নাম লিখিয়া থাকেন।

পাঠক, শেজরা লেখক শিয়া রাফেজি নহেন, খারেজি নহেন, ইহা জ্ঞাত করান-জন্য কলেমার সঙ্গে চারি সাহাবার নাম যোগ করা

হইয়াছে। খারেজিরা প্রথম তিন সাহাবাকে মানেন, কিন্তু হজরত আলি (রাজিঃ) কে মানেন না। শিয়া রাফিজিদের মত ঠিক ইহার বিপরীত, কেবল সুন্নত জামায়াতেরা চারি সাহাবাকে এমাম খলিফা বলিয়া মানেন।

মিসরি হোছায়নিয়া প্রেসে মুদ্রিত তফসিরে-কবিরের প্রথম খণ্ডে (৮৭পৃষ্ঠায়) ও আজহারিয়া প্রেসে মুদ্রিত উক্ত তফসিরের উক্ত খণ্ডে (৯১/৯২) পৃষ্ঠায় লিখিত আছে ;—

روى عن النبي صلى الله عليه و سلم انه دفع خاتمه الى ابي بكر الصديق رضي الله عنه فقال اكتب فيه لا اله الا الله فدفعه الى النقاش، و قال اكتب فيه لا اله الا الله محمد رسول الله فكتب النقاش فيه ذالك فاتى ابوبكر بالخاتم الى النبي صلى الله عليه و سلم فرأى النبي فيه لا اله الا الله محمد رسول الله ابوبكر الصديق فقال يا ابابكر ماهذه الزوائد فقال ابوبكر يا رسول الله ما رضيت ان افرق اسمك عن اسم الله و اما الباقي فما قلته و خجل ابوبكر فجاء جبريل عليه السلام و قال يا رسول الله اما اسم ابي بكر فكتبته انا لانه ما رضي ان يفرق اسمك عن اسم الله فما رضي الله ان يفرق اسمه عن اسمك ٭

"(হজরত) নবি সাল্লাল্লাহো আলায়হে অছাল্লাম হইতে রেওয়াএত করা হইয়াছে যে, তিনি নিজের অঙ্গুটীকে (হজরত) আবুবকর (রাজিঃ)র নিকট দিয়া বলিয়াছিলেন, যে তুমি উহাতে

'লাএলাহা ইল্লাল্লাহ্‌' লিখিয়া আন। ইহাতে তিনি উক্ত আঙ্গুটী নক্‌শাকারীর নিকট দিয়া বলিলেন যে, তুমি উহাতে

لا اله الا الله محمد رسول الله ٭

"লাএলালা ইল্লাল্লাহ্‌ মোহাম্মাদোর রাছুলুল্লাহ্‌" নকশা করিয়া

দাও। তৎপরে নক্‌শাকারী উক্ত অঙ্গুটীতে উক্ত কলেমার নক্‌শা করিয়া দিল। তখন(হজরত) অবুবকর (রাজিঃ) অঙ্গুটিটী (হজরত) নবি (সাঃ) এর নিকট আনিয়া দিলেন। (জনাব) নবি (সাঃ) উহাতে ( লেখা ) দেখিলেন,—

* لا إله إلا الله محمد رسول الله ابوبكر ن الصديق *

"লাএলাহা ইল্লাল্লাহ্ মোহাম্মাদোর রাছুলুল্লাহ্ আবুবক্‌রেনেছ্ ছিদ্দিক।"

ইহাতে হজরত বলিলেন, হে আবুবকর, এই অতিরিক্ত কথা গুলি কি ? তদুত্তরে তিনি বলিলেন, ইয়া রাছুলাল্লাহ্ আমি আপনার নামটি আল্লাহ তায়ালার নাম হইতে পৃথক করা পসন্দ করি নাই, কিন্তু অবশিষ্ট কথাটী (অর্থাৎ আবুবকরেনেছ ছিদ্দিক) শব্দটী আমি (লিকিতে) বলি নাই এবং (হজরত) আবুবকর (রাজিঃ) লজ্জিত হইলেন, এমতাবস্থায় (হজরত) জিবরিল (আঃ) উপস্থিত হইয়া বলিলেন, ইয়ারাছুলাল্লাহ, আমি নিজেই আবুবকরের নাম লিখিয়াছি , কেননা তিনি আপনার নাম অল্লাহ্‌তায়ালার নাম হইতে পৃথক করিতে রাজি হন নাই, এই জন্য আল্লাহ্ তাঁহার নাম আপনার নাম হইতে পৃথক করিতে রাজি হন নাই।"

এস্থলে কলেমার সহিত হজরত আবুবকরের নাম আল্লাহ-তায়ালার হুকুমে জিবরাইল (আঃ) লিখিয়া দিয়াছিলেন, এক্ষণে এশতেহার লেখক উক্ত কলেমার এইরূপ মর্ম্ম প্রকাশ করিবেন কি ? মোহম্মদ রাছুলোল্লাহ ও আবুবকর ব্যতীত মা'বুদ কেহ নাই আর এজন্য আল্লাহ্‌তায়ালা ও ফেরেশ্‌তার উপর কাফেরি ফৎওয়া জারি করিবেন কি ? (নাউজো বিল্লাহে মেন জালেক)। শেফায়কাজি এয়াজ, প্রথম খণ্ড, ২১১ পৃষ্ঠা, —

روى عن عبد الله ابن عبيد الله الانصاري كنت فيمن دفن ثابت بن قيس شماس و كان قتل باليمامة فسمعناه حين ادخلناه القبر يقول محمد رسول الله ابوبكر الصديق عمر الشهيد عثمان البر الرحيم فنظرنا فاذا هو ميت ●

"আবদুল্লাহ্ বেনে ওবায়দুল্লাহ্ আনছারি হইতে রেওয়াএত করা হইয়াছে, তিনি বলিয়াছেন, যাহারা কয়েছের পুত্র, শাম্মাছের পৌত্র ছাবেতকে দফন করিয়াছিলেন, আমিও তাঁহাদের মধ্যে একজন ছিলাম, ইনি এমামা যুদ্ধে সহিদ হইয়াছিলেন। আমরা যে সময় তাঁহাকে কবরে দাখিল করিয়াছিলাম, সেই সময় তাঁহাকে বলিতে শুনিয়াছিলাম।

● محمد رسول الله ابوبكر ن الصديق عمر الشهيد عثما البر الرحيم ●

" মোহাম্মাদোর রাছুল্লোল্লাহ্, আবুবকরেনেছ্-ছিদ্দিক, ওমারোশ্-শহিদ, ওছমানোল-বার্রোর-রহিম।" তৎপরে আমরা দৃষ্টিপাত (নজর) করিয়া দেখি যে, তিনি মৃত অবস্থায় আছেন।"



এস্থলে একজন সহীদ গোরে জীবিত হইয়া হজরতের নামের সঙ্গে তিনজন সাহাবার নামোল্লেখ করিলেন, ইহাতে বুঝা যায় যে, হজরতের নামের সঙ্গে সাহাবাগণের নাম উল্লেখ করিলে, কোন দোষ হয় না।

এক্ষণে এশ্‌তেহার লেখক, যিনি মোহম্মদ, তিনি আবুবকর, তিনি ওমার, তিনি ওছমান এইরূপ অর্থ করিয়া একজন শহিদকে কাফের ও বেইমান হওয়ার ফৎওয়া দিবেন কি ?

এজালাতোল খেফা, ৭১ পৃষ্ঠা ঃ—

اخرج ابن عساكر عن على قال قال رسول الله صلى الله عليه وسلم ليلة اسرى بي رأيت على العرش مكتوبا لا اله الا الله محمد رسول الله ابوبكر الصديق عمر الفاروق عثمان ذو النورين ●

এবনে আছাকের (হজরত) আলির (রাজিঃ) রেওয়াএতে উল্লেখ করিয়াছেন, তিনি বলেন, (জনাব) রাছুলুল্লাহ (সাঃ) বলিয়াছেন, যে রাত্রে আমাকে মে'রাজে লইয়া যাওয়া হইয়াছিল, (সেইরাত্রে) আমি আরশের উপর লেখা দেখিয়াছিলাম, — " লাএলাহা ইল্লাল্লাহ্ মোহাম্মদোর রাছুলুল্লাহ্ আবুবকরেনেছ্-ছিদিক, ওমারোল ফারুক ওছমানো-জুন্নুরাএন।"

আরও উক্ত পৃষ্ঠা;—

اخرج ابو يعلى و الطبرانى و ابن عساكر عن ابى هريرة قال قال رسول الله صلى الله عليه وسلم ليلة عرج بى الى السماء ما مررت بسماء الا وجدت اسمى فيها مكتوبا محمد رسول الله و ابوبكر الصديق خلفى ●

আবু ইয়া'লি, তেবরানি ও এবনে আছাকের (হজরত) আবু হোরায়রার রেওয়াএতে উল্লেখ করিয়াছেন, (জনাব) নবি (সাঃ) বলিয়াছেন, যেরাত্রে আমাকে আছমানে লইয়া যাওয়া হইয়াছিল, আমি যে কোন আছমানে উপস্থিত হইয়াছিলাম, তথায় আমার নাম লেখা দেখিয়া ছিলাম, মোহম্মাদোর রাছুলুল্লাহ, আর আমার (নামের) পরে আবুবকরেনেছ্-ছিদ্দিক (লেখা দেখিয়াছিলাম)

আরও ৭১/৭২ পৃষ্ঠা ;—

اخرج الدار قطنى و الخطيب و ابن عساكر عن ابى الدرداء عن النبى صلى الله عليه و سلم قال رأيت ليلة اسرى في العرش فرندة خضراء مكتوب بنورا بيض لا اله الا الله محمد رسول الله ابوبكر الصديق عمر الفاروق ●

দারকুৎনি, খতিব ও এবনে আছাকের (হজরত) আবুদ্দারদা রেওয়াতে বর্ণনা করিয়াছেন, (হজরত) নবি (সঃ) বলিয়াছেন, আমি মে'রাজের রাত্রে আরশে একটী সবুজ রঙের 'জওহর' (মণিমাণিক্য) দেখিয়াছিলাম, উহাতে শ্বেতবর্ণ নূরে লেখা রহিয়াছে — "লাএলাহা ইল্লাল্লাহ্ মোহম্মদোর রাছুলুল্লাহ আবুবকরেনেছ ছিদ্দিক ওমারোল ফারুক"

উপরোক্ত ক্ষেত্রে এশতেহার লেখক মাওলানার কলমে কাফেরি ফৎওয়া বাহির হইবে কিনা?

পাঠক, আপনারা তোগরা ধরণে কলেমা লিখিত ফুরফুরার হজরতের শেজরার অবস্থা বেশ ভাল বুঝিতে পারিয়াছেন যে, উহাতে কলেমা পরিবর্ত্তন করা হয় নাই, উহাতে কোন প্রকার দূষিত অর্থ প্রকাশ পায় না, আর তাঁহার খলিফা জনাব সুফি তাজাম্মোল হোছাএন, জনাব সুফি ছফরদ্দিন, মাওলানা নেছার উদ্দিন প্রভৃতি সাহেবগণের সেজ্‌রাগুলি দেখিলেন যে, উহাতে কোন দোষ নাই, উক্ত সেজরাগুলি ফুরফুরার হজরতের মুরিদগণ লইয়া থাকেন, কিন্তু বর্তমানে আর একখানা সেজ্‌রা প্রকাশ পাইয়াছে যাহা না ফুরফুরার হজরত ছাপাইয়াছেন, না তাঁহার কোন উপযুক্ত খলিফা ছাপাইয়াছেন, উক্ত সেজ্‌রা কে ছাপাইয়াছে তাহার কোন নাম ঠিকানা কিছুই নাই, উক্ত সেজ্‌রা কলিকাতা বেনে পুকুরের লামজহাবি প্রেস হইতে লামজহাবি দ্বারা মুদ্রিত হইয়াছে। হয়ত যাহাদের বিস্তর মুরিদ তরিকত শিক্ষার জন্য ফুরফুরার হজরতের আশ্রয় গ্রহণ করিতেছে তাহাদের কেহ হিংসা বশতঃ ওহাবিদের সাহায্যে এইরূপ একখানা সেজ্‌রা ছাপাইয়াছে।

এই জৌনপুরের মাওলানা মহফুজোল-হক সাহেব ' ছোব্‌হে-

ছাদেক' নামক রেছালার ২৬ পৃষ্ঠায় উক্ত কলেমার সম্বন্ধে এই ভাবে লিখিয়াছেন ;—

اور اپنے طرف سے غلط و مہمل مہمل باتیں اسمیں بھر دیا ہے اور اپنے نو میمی سجرہ کے سرنامہ کی پہلی سطر عجیب حیرت ناک ہے یا اللہ رسول اللہ ابو بکر عمر ۔ لا الہ الا اللہ محمد عثمان علی ۔ اب اگر اہل علم بلا تعصب غور کریں یہ پوری عبارت بے معنی اور لغو و مہمل اور بے معنی ٹھہریگی اور اگر اپنی لیاقت علمی سے اسکے معنی بنائے جائیں اور تاویل کا طریقہ اختیار کیا جائے اور ترکیب کرکے خواہ مخواہ عبارت کو بحال رکھا جائے تو صاحب شجرہ کو بے ایمان اور اسلام سے خارج ہونا پڑتا ہے کیونکہ اس عبارت میں اگر یا اللہ کے بعد رسول اللہ ص کو بدل کہا جائے اور اسی طرح ابو بکر رض عمر رض کو اسکے ساتھ وصل کریں پھر لا الہ الا اللہ کے بعد محمد ص عثمان رض علی رض کو اللہ کا بدل بنائیں تو یہ معنی ہونگے کہ جو اللہ ہے وہی رسول وہی ابو بکر رض وہی عمر رض اور محمد ص عثمان رض علی رض کے سوا کوئی معبود نہیں ہے تو پھر کہئے ایمان کہاں باقی رہتا ہے ۔

اگر قصدا و عقیدۃ لکھا ہے تو وجودیہ کی طرح اسلام سے خارج ہونیکا فتویٰ دیا جائیگا ۔

অর্থ ;—আর তিনি নিজের পক্ষ হইতে উক্ত সেজ্‌রাতে ভ্রান্তি মূলক ও অর্থশূন্য ( মোহমল ) কথা সকল পূর্ণ করিয়াছেন, তাঁহার নবনির্ম্মিত সেজ্‌রার শিরোনামার প্রথম ছত্র আশ্চর্য্যজনক, (উহা এই) ;—

"ইয়া-আল্লোহো, রাছুলোল্লাহ, আবুবকর, ওমর, লা এলাহা ইল্লাল্লাহ মোহাম্মদ ওছমান আলি।"

যদি বিদ্বানগণ ন্যায়পরায়ণতার সহিত চিন্তা করেন, তবে এ সমস্ত এবারত বেমওকা'ও অর্থশূন্য স্থির হইবে। আর যদি নিজের বিদ্যার যোগ্যতা ( লেকায়ত ) দ্বারা উহার অর্থ বানাইতে চেষ্টা করা হয়, তাবিল করার (গড়িয়া পিটিয়া মর্ম্ম প্রকাশ করার ) পথ এখতিয়ার (অবলম্বন) করা হয় এবং 'তরকিব' করিয়া যেন তেন প্রকারে উক্ত এবারতকে বহাল রাখা যায়,তবে সেজ্‌রা লেখককে বেইমান ও ইস্‌লাম হইতে খারিজ হইতে হয়, কেননা উক্ত এবারতে যদি ইয়া আল্লাহ শব্দের পরে রাছুলোল্লাহ শব্দকে বদল বলা যায়, এইরূপ আবুবকর (রাঃ) ওমার (রাঃ) কে উহার সঙ্গে মিলান যায়, তৎপরে 'লাএলাহা ইল্লাল্লাহ্' শব্দের পরে মোহম্মদ, (সাঃ) ওছমান (রাঃ), আলি (রাঃ) শব্দগুলিকে 'আল্লাহ্ শব্দের' বদল স্থির করা যায়, তবে এইরূপ অর্থ হইবে, — "যিনি আল্লাহ, তিনি রাছুল, তিনি আববকর, (রা), তিনি ওমার (রাঃ), আর মোহম্মদ (সাঃ), ওছমান (রাঃ), আলি (রাঃ) ব্যতীত মা'বুদ (এবাদতে যোগ্য) আর কেহ নাই।" এক্ষণে বলুন, ইমান কোথায় বাকি থাকিল? ..............

যদি স্বেচ্ছায় এবং (এই অর্থের উপর) বিশ্বাস করিয়া লিখিয়া থাকেন, তবে অজুদিয়া দলের ন্যায় ইস্‌লাম হইতে খারিজ হওয়ার ফৎওয়া দেওয়া যাইবে।"

পাঠক এক্ষণে আমাদের বক্তব্য শুনুন, —

(১) মাওলানা মোহম্মদ হামেদ নামীয় এশতেহার মাওলানা মহফুজোল-হক সাহেবের ছোব্‌হে-ছাদেক কেতাবে যে শেষ নম্বর সেজ্‌রার কলেমা নকল (উদ্ধৃত) করা হইয়াছে, ইহাতে জাল করা হইয়াছে, সেজরাতে 'ইয়াআল্লাহ' শব্দের পরে দুইটী ক্রস চিহ্ন আছে,

× এইরূপ চিহ্নকে ক্রস চিহ্ন বলে। রাছুলোল্লাহ, আবু বকর, ওমার এই তিনটী শব্দের প্রত্যেকের পরে ঐরূপ দুইটী চিহ্ন আছে। এইরূপ লাএলাহা ইল্লাল্লাহ শব্দের পরে উপরোক্ত চিহ্ন আছে। তৎপরে মোহম্মদ, ওছমান, আলি এই তিনটীর প্রত্যেকের পরে × এইরূপ চিহ্ন আছে। এশতেহার বা উক্ত রেসালায় উক্ত চিহ্নগুলি লেখা হয় নাই। আর সেজরাতে আবুবকর, ওমার, ওছমান, আলি এই চারি সাহাবার নামের পরে (رض) (রাজিঃ) চিহ্ন আছে, আর মোহম্মদ এই নামের পরে ص (সাঃ) এই চিহ্ন আছে, এশতেহার ও উক্ত রেসালায় উক্ত চিহ্নগুলি লেখা হয় নাই, কারণ উক্ত কয়েক প্রকার চিহ্ন থাকিলে, তাঁহাদের মনগড়া অর্থ টিকিবে না, এইজন্য তৎসমস্ত লোপ (হজম) করা হইয়াছে, ইহা জাল নহে কি ?

বাঙ্গালা এশতেহার রাছুলুল্লাহ্ স্থলে স্পষ্ট রাছুলাল্লাহ লেখা হইয়াছে, ইহা জাল নহে কি ?

(২) মাওলানা মহফুজোল হক সাহেবের লেখায় স্পস্ট বুঝা যাইতেছে যে, বিচার সঙ্গত ভাবে উক্ত এবারত বা শেজ্‌রা লিখিত কলেমার কোন অর্থ হয় না, অর্থাৎ এবারতটী অর্থশূন্য হইলেও উহাতে কাফেরী মর্ম্ম প্রকাশ পায় না। আর যদি কেহ অযথা ভাবে উক্ত এবারতটী ঠিক বা বহাল রাখিতে চাহে এবং অন্যায় ভাবে উহার তরকিব বানাইতে চাহে, কাফেরি ও শেরক মুলক মর্ম্ম হইতে পারে। অর্থাৎ এই শেষ মর্ম্মটি ঠিক নহে, বরং অপ্রকৃত মর্ম্ম।

আর মাওলানা মোহাম্মদ হামেদ সাহেব নামীয় এশতেহারে কেবল শেষ মর্ম্মটী লেখা হইয়াছে।

পাঠক, এক্ষণে আপনারা বুঝিতে পারিলেন ত যে, প্রকৃতপক্ষে উক্ত শেজ্‌রা লিখিত এবারতের মর্ম্ম কাফেরি মূলক নহে, কাজেই এশতেহার লিখিত মর্ম্ম বাতীল ও অসত্য।

ফুরফুরার হজরতের উপর দোষারোপ করার ষড়যন্ত্র করিয়াছে, কিন্তু উক্ত হজরতের কারামতে উক্ত ধোকার জাল একেবারে ছিন্ন বিচ্ছিন্ন হইয়া যাইবে। যাহা হউক, এই শেষ নম্বর শেজরায় কলেমার জন্য ফুরফুরার হজরত বা তাঁহার খলিফাগণ অথবা মুরিদগণ দায়ী নহেন, এই শেজরায় এইভাবে কলেমা লেখা আছে, —

( শেষ নম্বর )

يَا اللّٰهُ × × رَسُوْلُ اللّٰهِ × اَبُوْ بَكْر رض عُمَرْ رض لَا اِلٰهَ اِلَّا اللّٰهُ - ×

مُحَمَّدْ ص - عُثْمَانْ رض - عَلِى رض •

মাওলানা মোহম্মদ হামিদ সাহেব নামীয় উর্দ্দু এশ্‌তেহারে উক্ত কলেমার এইরূপ মর্ম্ম লিখিত আছে ঃ—

جو الله هے وهي رسول الله هے وهي ابو بكر هے وهي عمر هے

اور محمد عثمان على كے سواے كوئى معبود نهين •



ইহার অর্থ, (১) যিনি আল্লাহ্, তিনি রাছুলুল্লাহ্, তিনি আবুবকর, তিনি ওমার (২) আর মোহম্মদ ওছমান আলি ভিন্ন কেহ বন্দিগির যোগ্য (মা'বুদ ) নাই।"

(৩) মাওলানা মহফুজোল হক সাহেব লিখিয়াছেন, যদি শেজরা লেখক শেষোক্ত মর্ম্মের উপর বিশ্বাস স্থাপন করিয়া স্বেচ্ছায় ঐরূপ লিখিয়া থাকেন, তবে কাফেরি ফৎওয়া দেওয়া যাইবে। ইহাতে বেশ বুঝা যাইতেছে যে, যদি ঐরূপ মর্ম্ম তাহার আকিদা না হয় কিম্বা ছাপার দোষে ঐরূপ লেখা হইয়া থাকে, তবে তাহার উপর কাফেরি ফৎওয়া দেওয়া যাইতে পারে না, কিন্তু এশ্‌তেহারের এরূপ কোন বাদ বিচার না করিয়া একদমেই কাফেরি ফৎওয়া দেওয়া হইয়াছে,

কাজেই উক্ত জৌনপুরী মাওলানা ছাহেবের ফৎওয়া অনুযায়ী মোহম্মদ হামেদ নামীয় ফৎওয়াখানি একেবারে বাতীল সাব্যস্ত হইল।

(৪) আলমগিরি (নল কেশওয়ারি ছাপা), ৪২০ ও (মিসার ছাপা) ২/৩০৮ পৃষ্ঠা ঃ—

اذا كان في المسئلة وجوه توجب الكفر ووجه واحد يمنع فعلى المفتى ان يميل الى ذلك الوجه كذا في الخلاصة *

"যদি কোন মস্‌লায় কয়েকটী ছুরত (ভাব) থাকে যাহাতে কাফের হওয়া প্রমাণ করিয়া দেয়, আর একটী এরূপ ছুরত থাকে যাহাতে কাফের না হওয়া প্রমাণ করিয়া দেয়, তবে মুফতির (ফৎওয়া দাতার ) পক্ষে এই কাফের না হওয়ার দিকে ঝুকিয়া পড়া (অর্থাৎ ইহার সমর্থণ করা) লাজেম (ওয়াজেব) ইহা খোলাছা কেতাবে আছে।"

দোর্রোল মোখতার ;—



و اعلم انه لا يفتى بكفر مسلم امكن حمل كلامه على محمل حسن او كان في كفره خلاف و لو كان ذلك رواية ضعيفة كما حرره في البحر و عزاه في الاشباه الى الصغرى *

"তুমি জানিয়া রাখ, কোন মুসলমানের কাফের হওয়ার ফৎওয়া দেওয়া যাইবে না (যতক্ষণ) তাহার কথার কোন ভাল (নির্দ্দোষ) মর্ম্ম গ্রহণ করা সম্ভব হয়, কিম্বা(যদি)তাহার কাফের হওয়া সম্বন্ধে ( কোন বিদ্বানের) আপত্তি থাকে, এমন কি (কাফের না হওয়া) জইফ রেওয়াএত হইলেও (কাফেরি ফৎওয়া দেওয়া যাইবে না।)বাহরোর রায়েক কেতাবে ইহা লিখিত আছে। "আশবাহ আন্নাজায়েরে" ইহা ছোগরা কেতাবের রেওয়াএত বলিয়া উল্লেখ করা হইয়াছে।"

পাঠক! জৌনপুরী মাওলানা মহফুজোল হক সাহেব ইহাস্বীকার করিয়াছেন যে, শেজ্‌রা লিখিত এবারতের প্রকৃত মর্ম্ম কাফেরি নহে

এবং উহার দ্বিতীয় অসত্য মৰ্ম্ম আছে যদি উহার প্রতি বিশ্বাস না করিয়া থাকে, তবে কাফের হইবে না, এক্ষেত্রে আলমগিরি দোর্রোল-মোখতার, বাহরোর-রায়েক আশবাহ ইত্যাদি কেতাবের রেওয়াএত অনুসারে শেজ্‌রা লেখককে কিছুতেই কাফের বলিয়া ফৎওয়া দেওয়া জায়েজ হইতে পারে না।

ফেকহে-আকবরের টীকা, ১৯৯ পৃষ্ঠা;—

وان المسئلة المتعلقة بالكفر اذا كان لها تسع وتسعون احتمالا

"যদি কোফর সংক্রান্ত মস্‌লার ৯৯টী কাফেরির লক্ষণ থাকে, আর একটী ইস্‌লামের লক্ষণ থাকে, তবে মুফ্‌তি ও কাজিকে ইস্‌লামের লক্ষণের অনুসারে কার্য্য করা উচিত।"

জৌনপুরের কোৎবোল আক্‌তার জনাব হজরত মাওলানা কারামত আলি সাহেব 'কওলোছ্‌ছাবেত' কেতাবের ১১/১২ পৃষ্ঠায় ও মোকাশাতে-রহমত কেতাবের ২০০ পৃষ্ঠায় লিখিয়াছেন; —

للكفر واحتمال واحد في نفيه فالاولى للمفتي والقاضي ان يعمل بالاحتمال النافي *

২০৭। জানাব মৌলবী মোহাম্মদ খাঁন ছাহেব মোদাররেছে আউয়াল মাদ্রাসায় পাশারিবুনিয়া।

২০৮। জানাব মৌলবী মোহাম্মদ এছমত উল্লা খাঁন ছাহেব সিরজুকী, বরিশাল।

২০৯। জানাব মৌলবী জাফের উল্লাহ আহমদ ছাহেব হেড মৌলবী, ঝালকাঠি হাইস্কুল।

২১০। জানাব মৌলবী মোহাম্মদ হামিদ উদ্দিন ছাহেব।

২১১। জানাব মৌলবী আবু মোহাম্মেদ আবদুছ্ছত্তার সাহেব মৌলবী পিরোজপুর হাইস্কুল।

২১২। জানাব মৌলবী আবদুর লতিফ খোন্দাকার ছাহেব উদয়পুর, খলনা।

২১৩। জানাব মৌলবী শাহ ছুফী আবদুল আলিম ছাহেব উদয়পুরী খুলনা।

২১৪। জানাব মৌলবী খোন্দকার মাহমুদ ছিদ্দিক ছাহেব।

২১৫। জানাব মৌলবী আমিন হোছাইন ছাহেব, বরিশালী।

২১৬। জানাব মৌলবী আবদুল হক ছাহেব নোয়াখালুবী।

২১৭। জানাব মৌলবী নুর আহাম্মদ ছাহেব বরিশালী।

২১৮। জানাব মৌলবী মোহাম্মদ ফয়জ বক্স ছাহেব নোয়াখালুবী।

২১৯। জানাব মৌলবী আবদুর রহমান ছাহেব বরিশালী।

২২০। জানাব মৌলবী মোহাম্মগদ ফয়জ বক্স ছাহেব বরিশালী।

২২১। জানাব মৌলবী হবিব উল্লাহ ছাহেব নোয়াখালুবী।

২২২। জানাব মৌলবী নজির আহামদ ছাহেব ( ভোলা ) বরিশালী।

২২৩। জানাব মৌলবী নুরবক্স ছাহেব নোয়াখালুবী।

২২৪। জানাব মৌলবী মোবারক উল্লাহ ছাহেব নোয়াখালুবী।

২২৫। জানাব মৌলবী আবদুল ওহাব ছাহেব কুমিল্লা।

২২৬। জানাব মৌলবী অবদুল জব্বার ছাহেব সায়েস্তাবাদি।

২২৭। জানাব মৌলবী আবদুল লতিফ ওরফে আব্বাঝ উদ্দিন ছাহেব মাগুরা বরিশালী।

২২৮। জানাব মৌলবী ছেরাজ উদ্দিন ছাহেব বরিশালী।

২২৯। জানাব মৌলবী মোহেছেনদ্দিন ছাহেব নান্দহার।

২৩০। জানাব মৌলবী আবদুল মজিদ ছাহেব নান্দুহার।

২৩১। জানাব মৌলবী আবদুল মসজিদ সাহেব ভিরিজখা আর্শফিয়া মাদ্রাশার হেড্ মৌলবী ঢাকা।

২৩২। জানাব মৌলবী আনওয়ার উল্লাহ ছাহেব কামার চর, এসলমিয়া,

মাদ্রাসার হেড মৌলবী ময়মনসিংহ।

২৩৩। মাওলানা ছইদ আহামদ দেওবন্দ, সাহারাণপুর।

২৩৪। মৌলবী হাফেজ সৈয়দ আশফাক্ আহামদ শাম্বহাল, মরাদবাদী।

২৩৫। মৌলবী মোহাম্মদ ইয়াকুব ছাহেব জুবিলী হাইস্কুল পটুয়াখালী।

২৩৬। মৌলবী আবু মোহাম্মদ আবদুছ্ছাত্তার আমতলীর ম্যারিজ রেজীষ্ট্রয়

২৩৭। মৌলবী মোজাহররল এস্লাম, সরাইপরাই, নোয়খালী।

২৩৮। মৌলবী আবদুল মজিদ ছাহেব চাঁদপুরী কদমতলা হাইস্কুল।

২৩৯। মৌলবী মজিব্বুল্লাহ সাহেব বরিশালী।

২৪০। মাওলানা মোহাম্মদ এব্রাহিম পেশওয়ারী (ঢাকা চকের মসজিদ)।

২৪১। মাওলানা মোহাম্মদ ছাইদোল হক সাহেব, নোয়াখালী।

২৪২। মৌলবী ফয়জোর রহমান ছাহেব চাঁদপুরী।

২৪৩। মৌলবী হারিছ আহামদ ছাহেব নোয়াখালুবী।

## নোয়াখালির জমিয়াতোল ওলামার রায় ঃ—

নওয়াখালি টাউনে জমিয়াতোল ওলামার এক অধিবেশন হইয়াছিল, উক্ত জলশায় মাওলানা ইদরিছ, মাওলানা অজিহুল্লাহ, মাওলানা আবদুর রহিম, মাওলানা মাহমদোর রহমান, মাওলানা গেয়াছদ্দিন, মাওলানা বেলাএত হোছাএন, মৌলবী সেরাজল হক, নৌলবী আবদুল মজিদ, মৌলবী আলি হায়দর, মৌলবী ছাদেক আলি,

মৌলবি তোফেল আহমদ, মৌলবি আবদুছ ছামাদ, মৌলবি আবুবকর, মৌঃ গোলাম ছারওয়ার, মৌলবী অছিরদ্দিন, মৌঃ দীন মোহাম্মদ, মৌলবি দলিলোর রহমান, মৌলবি রায় হানোদ্দীন, মৌঃ মোমতাজোল করিম, মৌলবি মুজিবোর রহমান, মৌলবি আবদুর রহমান, মৌলবি মোবারক আলী, মৌলবি, হবিবুল্লাহ, মৌলবি আহমদ কবির, মৌলবি মহম্মদ ছইদ, মৌলবি এসমাইল প্রভৃতি সাহেবগণ প্রায় সাড়ে তিন শত আলেম উপস্থিত ছিলেন।

তাঁহাদের নিকট মাওলানা হামেদ সাহেব নামীয় এশ্‌তেহার ও ফুরফুরার পক্ষ হইতে শেজরা লিখিত কলেমার মীমাংসার প্রস্তাব করা হয়, ইহাতে তাঁহারা সকলেই একবাক্যে বলেন যে, তোগরা ধরণে লিখিত কলেমারে কোন দোষ নাই।

তাঁহাদের কেহ কেহ বলেন, যাহারা এইরূপ কলেমা লেখককে কাফের বলিয়াছেন, তাহারা যেন খোদার ভয় করেন এবং পাঞ্জগানা নামাজের পরে তওবা করেন।



## খাজুরিয়ার বাহাছ।

গ্রাম খাজুরিয়া পোঃ ছমি মুন্‌শী, জেলা নওয়াখালির অধীনে কালামিঞার বাটীতে সেজরা লিখিত কলেমার মীমাংসার জন্য একটী সভা হয়, উক্ত সভায় প্রায় চারি পাঁচ শত লোক উপস্থিত ছিলেন।

সদর নওয়াখালির দারোগা ছাহেব তথায় উপস্থিত ছিলেন।

মাওলানা হামেদ ছাহেবের পক্ষে নিম্নোক্ত আলেমগণ উক্ত তর্ক সভায় উপস্থিত ছিলেনঃ — (১) মৌলবি তোফেল আহমদ, (২) মাওলানা আবদুর রহমান, (৩) মৌঃ আবদুছ ছামাদ, (৪) মৌলবি আখতারোজ্জামান, (৫) মৌলবি ইউনোছ, (৬) মৌঃফজলর রহমান, (৭) মৌলবি আহমদুল্লাহ, (৮) মৌলবি আবদুল আজিজ, (৯) মৌঃ ছাদেকালি, (১০) মৌঃ আবদুল বারি। (১১) মৌঃ এছমাইল,

(১২) মৌলবি সেরাজুল হক।

ফুরফুরার পীর সাহেবের পক্ষীয় (১) নেজাম পুরী মৌলবি এছমাইল, (২) মৌলবি আবু বকর তথায় উপস্থিত ছিলেন।

নিরপেক্ষ (১) মৌলবি তমিজদ্দিন, (২) মৌঃ আলি হায়দর, (৩) মৌলবি কারামত আলি, (৪) হাফেজ দীন মোহাম্মদ তথায় উপস্থিত ছিলেন।

এই সভায় গ্রাম, ঘাটলা, পোঃ সেতু ডাঙ্গা, জেলা নওয়াখালির অধীনে মৌলবি আবদুছ ছামাদ ও পোঃ চাপরাশির হাটের অধীনের কবির হাট মাদ্রাসার হেড মৌলবি মুনছুর আলি ছাহেব দ্বয় উভয় পক্ষ হইতে শালিশ স্থিরীকৃত হইয়াছিলেন।

## বাহাছ আরম্ভ।

প্রথমে শালিশ মৌঃ আবদুছ ছামাদ ছাহেব বলিলেন, মাওলানা হামেদ সাহেবের নামীয় এশতেহারের পক্ষে সমর্থনকারি দল যাহারা ফুরফুরার পক্ষের শেজরা লিখিত কলেমাকে গর ঠিক বলিয়া দাবি করেন, তাহাদের পক্ষ হইতে কোন্ ব্যক্তি এই দাবিটী সত্য বলিয়া আমাদিগকে বুঝাইয়া দিবেন।

তখন উক্ত পক্ষীয় মৌলবি তোফেল আহমদ সাহেব দাঁড়াইয়া এশতেহারখানা পড়িলেন।

মৌঃ আবদুছ ছামাদ সাহেব জিজ্ঞাসা করিলেন, শেজরা লিখিত কলেমার প্রকৃত অর্থ এশতেহারে লেখা হইয়াছে কি ? মৌঃ তোফেল আহমদ ছাহেব বলিলেন, হা ঠিক অর্থলেখা হইয়াছে।

মৌঃ আবদুছ ছামাদ সাহেব বলিলেন, কিরূপে ঠিক হইয়াছে, তাহা স্পষ্ট ভাবে বুঝাইয়া দিন, শেজরাতে লেখা আছে, ইয়া আল্লাহ্ ইহার অর্থ ইহা আল্লাহ ( হে খোদা) হয়, আর এশতেহারে উহার অর্থ লেখা আছে;— যে আল্লাহ সেই রাছুল, এইরূপ তর্জ্জমা ঠিক

হইয়াছে কি? মৌঃ তোফেল আহমদ সাহেব নিরুত্তর অবস্থায় বসিয়া রহিলেন।

মৌঃ আবদুছ ছামাদ সাহেব বলিলেন, يا الله 'ইয়া আল্লাহো' আরবী নহো কায়েদা অনুসারে তরকিবে কি হইল ? মৌলবি তোফেল আহমদ সাহেব বলিলেন, ইয়া হর্ফে يا حرفنيدا আল্লাহো মোনাদা الله منذا মৌঃ আবদুছ ছামাদ সাহেব বলিলেন, রাছুলুল্লাহ, আবুবকর ওমার رسول الله ابو عمر তরকিবে কি হইল ?

মৌঃ তোফেল আহমদ সাহেব বলিলেন, এই তিনটী শব্দ তরকিবে বদল بدل হইয়াছে।

মৌঃ আবদুছ ছামাদ সাহেব বলিলেন, বদল কয় প্রকার মৌঃ তোফেল আহমদ সাহেব বলিলেন, বদল পাঁচ প্রকার। মৌঃ আবদুল ছামাদ সাহেব বলিলেন, পাঁচ প্রকার বদলের নাম কি কি ?

মৌঃ তোফেল আহমদ সাহেব ইহা ঠিক করিয়াত বলিতে পারিলেন না।

মৌঃ আবদুছ ছামাদ সাহেব বলিলেন, আমি কোন নহোর কেতাবে বদল পাঁচ প্রকার বলিয়া দেখি নাই, বদল চারি প্রকার ইহাত সমস্ত নহোর কেতাবে আছে। (১) বদলোল কোল্ল, (২) বদলোল বা'জ, (৩) বদলোল-এশতেমাল, (৪) বদ-লোল-গালাত।

আচ্ছা যাহা হইক, এস্থলে কোন্ প্রকার বদল হইবে মৌঃ তোফেল আহমদ সাহেব বলিলেন, বদলোল-এশতেমাল হইবে।

মৌঃ আবদুছ ছামাদ সাহেব বলিলেন, বদলোল-এশতোমাল কাহাকে বলে ?

মৌঃ তোফেল আহমদ ইহার কোন উত্তর দিতে পারিলেন না।

মৌঃ আবদুছ ছামাদ সাহেব বলিলেন, আচ্ছা যে বদল হউক না কেন, কিন্তু রাছুলোল্লাহ শব্দকে 'আল্লাহ' শব্দ হইতে বদল বলিলে,

উহা প্রকৃত পক্ষে মোনাদায় মোজাফ হইবে, আর মোনাদায় মোজাফ মনছুখ হইয়া থাকে, ইহা যে ব্যক্তি নহোমীর পড়িয়াছে সেও বলিতে পারে, কাজেই যদি উক্ত শব্দটী বদল হইত, তবে রাছুলোল্লাহ্ না হইয়া রছুলাল্লাহ্ হইত, ইহাতে বুঝা গেল যে; রাছুলোল্লাহ শব্দ বদল হইতে পারে না। এবং আল্লাহ শব্দের সহিত উহার যোগ থাকিতে পারে না। বা যে আল্লাহ সেই রাছুল অর্থ হইতে পারে না। আর শেজরাতে রাছুলোল্লাহ্ লেখা আছে, কিন্তু বাঙ্গালা এশতেহারে রাছুলাল্লাহ্ লেখা আছে, ইহা জাল নহে কি?

আরও মৌঃ আবদুছ ছামাদ সাহেব বলিলেন, যদি আবুবকর শব্দ বদল হইত, তবে এস্থলেও মোনাদার মোজাফ হওয়ার কারণে আবুবকর না হইয়া আবাবকর হইত, যখন তাহা হয় নাই, তখন আল্লাহ শব্দের সহিত আবুবকর শব্দের কোন প্রকার যোগ থাকতে পারে না এবং যিনি আল্লাহ্ তিনি আবুবকর এইরূপ অর্থ হইতে পারে না।

মৌঃ তোফেল আহমদ সাহেব নির্ব্বাক নিরুত্তর হইয়া রহিলেন, অনেক আলেম তাঁহার এইরূপ অবস্থা দেখিয়া হাস্য সম্মরণ করিতে পারিলেন না। তৎপরে মগরবের নামাজ পড়া হইল।

মৌঃ আবদুছ ছামাদ সাহেব নামাজের পরে মৌঃ তোফেল আহমদকে বলিলেন, আপনি বুঝাইবেন, না অন্য কেহ বুঝাইয়া দিবেন। তখন তাঁহাদের পক্ষীয় মৌলবিগণকে অনুরোধ করা হইতেছিল, কিন্তু কেহই উঠিতে সাহস করিলেন না। অবশেষে ঐ পক্ষীয় মাওলানা আবদুররহমান ছাহেব দাঁড়াইয়া বলিতে লাগিলেন, আমি বৃদ্ধ মানুষ কি বলিব, আপনারাই আলেম, তবে আমি এই একটী কথা বলি যে, পূর্ব্বের মাওলানাগণ পাঁচ তরিকার মুরিদ করিতেন, এখন তদ্বতীত শাজেলিয়া তরিকত কোথা হইতে আসিল?

(পাঠক, সেই স্থলে জনাব হজরত সুফি নূর মোহম্মদ মরহুম

মগফুর সাহেবের খলিফা মৌঃ নূরদ্দিন মরহুম সাহেবের কতকগুলি মুরিদ ছিল, তিনি উক্ত মুরিদগণকে নক্‌শবন্দীয়া ও শাজেলিয়া এই দুই তরিকা শিক্ষা দিতেন, এই জন্য মাওলানা আবদুররহমান এই প্রশ্ন করিয়াছিলেন।) তখন বাটীর কর্ত্তা কালা মিঞা বলিলেন মাওলানা সাহেব আপনি মাফ করিবেন, অদ্যকার সভা এই কথা আলোচনার জন্য করা হয় নাই। বরং এই সভাটী শেজরা লিখিত কলেমার মীমাংসা করার জন্য করা হইয়াছে।

ইহাতে মাওলানা আবদুররহমান সাহেব একখানা উর্দ্দু রেছালা ( ছোবহে ছাদেক লইয়া দাঁড়াইলেন, তিনি পকেটে চশ্‌মা অনেক চেষ্টা করিলেন, কিন্তু তাহা পাওয়া গলে না, কাজেই চশ্‌মা অভাবে তিনি উহা পড়িতে পারিলেন না। অবশেযে তাঁহাদের পক্ষ হইতে মুন্‌শী আবদুছ ছামাদ সাহেব দাঁড়াইয়া সেই রেছালা পড়িতে লাগিলেন।

মৌঃ আবদুছ ছামাদ সাহেব বলিলেন, এই রেছালার কথাগুলি অবিকল এশতেহারের কথা ইহা শেজরা লিখিত কলেমার অনুবাদ (তর্জ্জমা) বলিয়া প্রকাশ করা হইয়াছে, আপনি ইহার তরকিব বুঝাইয়া দিতে পারেন কি ?

মুন্‌শী সাহেব বলিলেন, আমি তরকিব জানিনা।

মৌঃ আবদুছ ছামাদ সাহেব বলিলেন, আপনাদের পক্ষ হইতে কেহ ইহার তরকিব বুঝাইয়া দিতে পারেন কি ?

তখন মাওলানা আবদুররহমান সাহেব বলিলেন, আমি বৃদ্ধ মানুষ, কি বুঝাইবা ? অন্যান্য মৌলবিগণ বুঝাইয়া দিবেন। বাবা আমাকে একটা বদনা আনিয়া দাও। কাছারি হইতে একটি বদনা আনিয়া দেওয়া হইল, তিনি বদনা লইয়া দক্ষিণ দিকে প্রস্থান করিলেন, আর তিনি উক্ত সভায় যোগদান করেন নাই।

মৌঃ আবদুছ ছামাদ সাহেব বলিলেন, ইহা বুঝাইবার উপযুক্ত আর কেহ আছেন কিনা ? সকলেই অধোমস্তকে চুপ করিয়া রহিলেন।

তখন মৌলবি অবিদুছ ছামাদ সাহেব বলিলেন, ফুরফুরার পীর সাহেবের পক্ষ হইতে এখন কোন লোক আছেন কি যিনি শেজরা লিখিত কলেমা বা তাঁহার পক্ষ হইতে প্রচারিত এশতেহারের সত্যতা প্রকাশ করিতে পারেন ?

শ্রীনদী মাদ্রাসার হেড মৌলবি মোঃ তমিজদ্দিন সাহেব দণ্ডায়মান হইয়া বলিলেন, প্রায় ১৪ শত বৎসর হইতে যে কলেমা জারি হইয়া আসিতেছে, কোরাণ, হাদিস ও লওহো-মহফুজে যে কলেমা আছে, এই শেজরাতে ঠিক সেই কলেমা লেখা আছে। তাহার কোন ব্যতিক্রম ঘটে নাই।

সেজরাতে দেখুন, স্পষ্টভাবে—

لَا اِلٰهَ اِلَّا اللّٰهُ مُحَمَّدٌ رَسُولُ اللّٰهِ

''লাএলাহা ইল্লাল্লাহ মোহাম্মাদোর রাছুলুল্লাহ' লেখা আছে তবে তোগ্‌রা লেখার নিয়ম অনুসারে رسول الله রাছুলোল্লাহ্ শব্দটী উপরে লেখা হইয়াছে, উপর লিখিত رسول الله রাছুলোল্লাহ শব্দটি محمد মোহাম্মদ শব্দের সহিত সংলগ্ন রহিয়াছে, ইহার প্রমাণ এই যে, মোহম্মদ محمد শব্দের দালের উপর স্পষ্টভাবে পেশ ও رسول الله রাছুলোল্লাহ শব্দের 'রে' অক্ষরের উপর তশদিদ ও জবর রহিয়াছে, রাছুলোল্লাহ শব্দ যে মোহম্মদ শব্দের সহিত সংলগ্ন রহিয়াছে ইহাই তাহার যথেষ্ট প্রমাণ, এ বিষয়ে সন্দেহ করার কোনই কারণ নাই। এইরূপ বাঙ্গালা ভাষায় কোন বাক্য লাইনে না আটিলে, ডাস দিয়া উপরে লেখা হয়, সেইরূপ এস্থলে স্থানের অনাটনের জন্য এইরূপ উপরে লেখা হইয়াছে।

মৌঃ আবদুছ ছামাদ সাহেব বলিলেন, কলেমার মধ্যে চারি আছহাবের নাম লেখা হইল কেন ?

মৌঃ তমিজদ্দিন সাহেব বলিলেন, তাবার্রোকের জন্য ইহা যোগ করা হইয়াছে, আরও সেজরা লেখক যে সুন্নত জামায়াতের একজন  লোক, আর তিনি যে শিয়া রাফেজি বা খারিজি নহেন, ইহাতে তাহাই প্রকাশ হয় কারণ শিয়া রাফিজিরা প্রথম তিন সাহাবাকে মানেনা। আর খারিজিরা চতুর্থ খলিফাকে মানেনা, কেবল সুন্নত জামায়াতের লোকেরা চারি খলিফাকে মানেন।

তৎপরে মৌলবি আলি হয়দার সাহেব ফুরফুরার পীর সাহেবের পক্ষ হইতে প্রচারিত এশতেহার পাঠ করিয়া শুনাইয়া দিলেন, উক্ত এশতেহারের সার মর্ম্ম এই যে, (১) তোগরা লেখার নিয়মে রাছুলোল্লাহ শব্দ উপরে গিয়াছে। (২) তাবারোকের জন্য চারি আছহাবের নাম যোগ করা হইয়াছে। (৩) সেজরা প্রচারক সুন্নত জামায়াতে হওয়ার নিদর্শন স্বরূপ উহা লিখিয়াছেন।

তখন মৌঃ আবদুছ ছামাদ সাহেব দ্বিতীয় শালিশ মৌঃ মনছুর আহমদ সাহেবকে বলিলেন, আপনি রায় দিন, তিনি বলিলেন, আপনিই বলুন।

## রায়

মৌলবি আবদুছ ছামাদ সাহেব বলিলেন, মাওলানা হামেদ সাহেব নামীয় এশতেহারে যে দাবি করা হইয়াছে যে, ফুরফুরার পীর সাহেবের সেজরাতে কলেমা পরিবর্ত্তন করা হইয়াছে, উহাতে কাফেরি অর্থ প্রকাশ পায়, এই দাবির কোন প্রমাণ পাওয়া গেল না, সুতরাং সেজরা লিখিত কলেমা সত্য এবং উহাতে সেজরা লেখক কাফের হইতে পারে না।

ইতি —

# বাহাছের আলোচনা।

১। সন ১৩৩০ সালের আশ্বিন মাসে মাওলানা মোহাম্মদ হামেদ সাহেব ত্রিপুরা জেলার বাগড়া বাজারে বোট সহ উপস্থিত হন, ফুরফুরার পীর সাহেবের একজন খলিফা মৌলবি ছালামাতুল্লাহ্ খাঁ সাহেব কয়েকটী গ্রামের ১০।১৫ জন মাতব্বর প্রধান লোক সঙ্গে লইয়া উক্ত মাওলানা সাহেবের বোটে উপস্থিত হন, তথায় ঐ পক্ষীয় মৌঃ আহমদুল্লাহ ও মৌলবি আবদুছ ছামাদ উপস্থিত ছিলেন। প্রথমে মাওলানা সাহেব দুইখানা শেজরা বাহির করেন এবং শেজরায় অশুদ্ধ(মলোট) কলেমা লেখা হইয়াছে বলিয়া দাবি করেন। ইহাতে মৌঃ ছালামাতুল্লাহ খাঁ সাহেব তাহার উত্তর দিতে থাকেন, প্রায় দুই তিন ঘন্টা তর্ক বিতর্কের পর কথাবার্ত্তায় অনেক বাড়া বাড়ি হইয়া যায়। তখন মৌলবি ছালামুতুল্লাহ খাঁ সাহেব বলিলেন আপনি বাহাছের তারিখ ঠিক করুন, চাঁদপুর বা যে কোন টাউনে হউক উপযুক্ত পুলিষের সাহায্য সহ বাহাছ করা হইবে। মাওলানা হামেদ সাহেব তাঁহার সঙ্গীয় কয়েকজন লোককেপাছের কামরায় ডাকিয়া লইয়া পরামর্শ করার পরে বলেন, আমি ডিপুটি শিপুটী নহি, হাকেম নহি, মহকুম নহি, আমার বুদ্ধিতে যাহা আসিয়াছে, আমি তাহাই লিখিয়াছি, যাহার ইচ্ছা হয় মান্য করুকবা নাই করুক, কাহারও উপর জবর দস্তি নাই। যদি আপনাদের ইচ্ছা হয়, তবে যাহা মনে আসে, তাহাই লিখুন, আমি বাহাছ করিব না।

২। উক্ত সনে ভাদ্র মাসে জৌনপুরে নিবাসী মাওলানা মোহম্মদ মোবিন সাহেব ত্রিপুরা জেলার চাঁদরা বাজারে উপস্থিত হন,উক্ত মৌলবি ছালামুাতুল্লাহ্ খাঁ সাহেব প্রায় আট দিবস পূর্ব্বে এই শেজরার সম্বন্ধে বাহাছ করার তারিখ ঠিক করিয়া দুইজন তালেবোল এলম

দ্বারা উক্ত মাওলানা সাহেবের নিকট সংবাদ পাঠাইয়া দেন, নির্দ্দিষ্ট দিনে মৌঃ ছালামাতুল্লাহ খাঁ, মৌঃ ওয়াএজদ্দিন, মৌঃ আজিজররহমান ও মৌঃ আহমদুল্লাহ্ সাহেবগণ প্রায় দেড়শ শত লোক সঙ্গে লইয়া চাদরা বাজারের মছজিদে উপস্থিত হন। মাওলানা মোবিন সাহেবকে বাহাছের জন্য মছজিদে ডাকিয়া আনিতে ঐ পক্ষীয় মুন্শী আলিমদ্দিন সাবেবকে তাঁহার বোটে পাঠান হয়, ইহাতে তিনি বলেন, মৌলবি ছালামাতুল্লা খাঁ অধ্য আমার সঙ্গে সাক্ষাৎ করিবেন বলিয়া খবর পাইয়াছি, বাহাছের খবর পাই নাই বা কেহ দেন নাই। আমি মছজিদে যাইতে পারি না, মৌলবি ছালামাতুল্লাহ খাঁ আমার বোটে আসুন, আমি নির্জ্জনে দুই চারিটী কথা বলিতে চাহি।

মৌলবি ছালামতুল্লাহ খাঁ ছাহেব বলিলেন, আমি মছজিদ প্রাঙ্গনে সকলের সাক্ষাতে বাহাছ করিতে চাহি। বোটে একা দোকা বাহাছ করিতে রাজি নহি। মাওলানা মোহম্মদ মোবিন ইহার পর বাহাছ করিতে সাহস করিলেন না।



৩। আমি অগ্রহায়ন মাসে কেরবার চরে ওয়াজের জন্য উপস্থিত হইলে, ফরিদ্দগঞ্জ বাজারের মৌঃ হবিবুল্লাহ ছাহেব আমার নিকট উপস্থিত হইয়া বলিলেন যে, রুপসার জমিদার মুঃ হিববুল্লাহ মিঞা সাহেব আমাকে এইজন্য পাঠাইয়াছেন যে, জৌনপুরের মাওলানা মহফুজোল-হক ছাহেব এবং ফুরফুরার পীর ছাহেবের পক্ষে আপনি তাঁহার বাটীতে শেজরা সম্বন্ধে বাহাছ করিবেন, আমি বলিলাম, আমি রাজি আছি, জৌনপুরের মাওলানা ছাহেবের নিকট গিয়া বাহাছের কথা বলুন। তৎশ্রবণে কাজি মৌলবী হাববুল্লাহ্ ও মৌলবি অবদুল কাদের ছাহেবদ্বয় ফরিদগঞ্জ ঘাটে নাওলানা মফুজোল হক সাহেবের বোটে গিয়া বাহাছের প্রস্তাব করেন, ইহাতে তিনি বলেন, আমি বিজ্ঞাপন

প্রচার করি নাই, যিনি বিজ্ঞাপন করিয়াছেন, তিনিই ইহার মীমাংসা করিবেন, আমার মীমাংসা তিনি মানিবেন বা কেন?

৪। আমি নওয়াখালির পাঁচঘরিয়া গ্রামের মহম্মদ সারেং ছাহেবের বাটীতে ওয়াজের দাওয়েত এই বৎসরের অগ্রহায়ণ মাসের ১৩ই তারিখে উপস্থিত হই, তিনি তাঁহার নিজের গ্রামে ওয়াজের স্থান না করিয়া ৩ মাইল দূরে মোলকের দিঘি নামক ইদগাহে ওয়াজের স্থান ঠিক করেন, কিন্তু আমি ইহা অবগত হইয়া দাওতদাতাদিগকে বলিলাম, আপনারা আমাকে দাওয়াত দিয়াছেন, আপনাদের গ্রামে ওয়াজের স্থান ঠিক করুন আমি অনধিকার ভাবে অন্য স্থানে ওয়াজ করিতে যাইতে ইচ্ছুক নহি। অবশ্য যদি ইদগাহের কর্ত্তৃপক্ষগণ আমাকে ডাকিয়া লইয়া যান, তবে আমি তথায় যাইতে প্রস্তুত আছি, নচেৎ শ্রোতাগণকে এই গ্রামে ডাকিয়া আনুন, সভায় এই কথা ঘোষণা করিলে, অনেক লোক এই গ্রামে উপস্থিত হন, আছরের পর হইতে রাত্রি প্রায় আট ঘটিকা পর্য্যন্ত ওয়াজ সভা হয়। সন্ধ্যার অগ্রে মাওলানা হামেদ ছাহেবের পক্ষীয় কয়েকজন লোক বলেন, চট্টগ্রামের মিরেশ্বরপুরের মাওলানা আবদুল লতিফ ছাহেব শেজরার কলেমা সম্বন্ধে বাহাছ করিতে আসিয়াছেন, আমি তৎশ্রবণে বলিলাম, যদি এই গ্রামের লোক বাহাছ করাইতে রাজি হন, তবে আমি প্রস্তুত আছি, তখন সেই গ্রামের সকলেই বলিলেন, আমরা বাহাছ করাইতে রাজি নহি। ইহাতে আমি বলিলাম, যদি উভয় পক্ষের লোক বাহাছ করাইতে রাজি হন, তবে একমাস পরে নওয়াখালি টাউনে বাহাছ সভা হইতে পারে। উভয় পক্ষের সম্মতিতে বাহাছের দিন স্থির করা হইবে, মাজিষ্ট্রেট বাহাদুরের অনুমতি লইয়া উপযুক্ত পুলিযের সাহায্য লইয়া বাহাছ করিতে হইবে। আমরা অমুক অমুককে শালিশ মানি, তাঁহারা কাহাকে শালিশ মানেন, ইহা কল্য প্রভাতে আমাকে সংবাদ দিবেন। প্রভাতে

এক দুইজন লোককে বাহাছের তারিখ ইত্যাদির জন্য মাওলানা আবদুল লতিফ ছাহেবের নিকট লোক পাঠান হইল, তিনি উত্তরে বলিলেন, আমি ইহার কোন উত্তর দিতে পারি না, মাওলানা হামেদ ছাহেবকে জানাইতে হইবে, তিনি যাহা বলেন, তাহাই জানান হইবে। তৎপরে নওয়াখালির কোন সংবাদপত্রে বাহাছের দিন স্থির করার জন্য মাওলানা হামেদ ছাহেবকে জানান হইয়াছে, কিন্তু এযাবত কোন উত্তর পাওয়া যায় নাই।

৫। আমি ত্রিপুরার বাগাদিতে উপস্থিত হইলে, উভয় পক্ষীয় লোক বাহাছের কথা বলেন, ইহাতে মৌঃ ছালামাতুল্লাহ খাঁ, দ্বিতীয় মৌঃ ছালামাতুল্লাহ, মৌলবী আলি আকবর ও হাজি হাফিজদ্দিন সাহেবগণ মাওলানা হামেদ ছাহেবের নিকট এই মর্ম্মে একখানা পত্র লেখেন যে, আপনি বিজ্ঞাপনে যে ফুরফুরার যাবতীয় সম্প্রদায়কে কাফের, মোশরেক, যোগী, সন্ন্যাসী, শিয়া, বেইমান ও বেদীন বলিয়া দাবি করিয়াছেন, আপনার এই দাবীর প্রমাণ করার জন্য চাঁদপুর টাউনে একটী বাহাছ সভা হইবে আপনি এই সভার তারিখ ঠিক করিয়া দস্তখত সহ উত্তর পাঠাইলে, শালিশ স্থির করা হইবে এবং বাহাছ সভায় উপযুক্ত পুলিষের সাহায্য লওয়া হইবে।

এযাবত মাওলানা হামেদ সাহেবের কোন উত্তর পাওয়া যায় নাই।

## মাওলানা হামেদ সাহেবের পক্ষীয় মিথ্যা অপবাদ।

১। উক্ত দলের লোকেরা এই অপবাদ রটাইয়া বেড়াইতেছেন যে, ফুরফুরার পীর সাহেবের ছাওয়ানেহে-ওমরি

কেতাবে আছে যে, জিবরাইল ফেরেশতা তাঁহার ছিনা চাক করিয়াছেন, ইহাতে তিনি অযথা দাবি করিয়াছেন।

## আমাদের উত্তর।

যে ব্যক্তি উক্ত কেতাব খানি দেখিয়াছেন, তিনি বুঝিতে পারিবেন যে, উহা সম্পূর্ণ মিথ্যা অপবাদ, খোদাতায়ালা এইরূপ অপবাদক ( বোহতানকারি) দলকে হেদা এত করুন।

ছাওয়ানেহে-ওমরি কেতাবের ২১।২২ পৃষ্ঠায় লিখিত আছে;—

" সেই সময় ইংরাজি পড়ার খুব মর্য্যাদা ছিল, এজন্য লোকে হুজুরের (ফুরফুরার হজরতের) মেধা স্মরণ শক্তি দেখিয়া তাঁহাকে ইংরাজি শিক্ষা করার উৎসাহ দিলেন, কিন্তু আল্লাহ্তায়ালার ইচ্ছা অন্য প্রকার ছিল, আল্লাহ্তায়ালা তাঁহাকে রোজে-আজল হইতে কোন খাস কার্য্যের জন্য পছন্দ করিয়া লইয়াছিলেন। অল্লাহ্ তায়ালার ইচ্ছা মানুষ্যের ইচ্ছার উপর প্রবল হইয়া থাকে। স্বপ্ন নিষেধ, হইতে থাকিল, যথা তাঁহার ওয়ালেদা সাহেবানি বর্ণনা করিয়াছেন যে, তিনি একরাত্রে স্বপ্নে দেখিয়াছিলেন যে, হজরত কোৎবোল-ইরশাদ হাজি মোস্তাফা মাদানি সাহেব(র) (যিনি ফুর ফুরার হজরতের কয়েক পুরুষ উপরের দাদা ছিলেন), একখানা ছুরি লইয়া আমার প্রণাধিক পুত্র মোহম্মদ আবুবকরের পেট ফাড়িতেছেন। আমি কাঁদিতে কাঁদিতে তাঁহার সন্মুখে উপস্থিত হইয়া বলিতে লাগিলাম যে, বাবাজান। আমার ছেলের কি দোষ হইয়াছে যে, আপনি তাহার সহিত এইরূপ ব্যবহার করিতেছেন? তিনি বলিলেন, সে কাফেরদের এল্‌ম শিক্ষা করিতেছে, এজন্য আমি উহা বাহির করিয়া ফেলিতেছি।"

নিরপেক্ষ পাঠক এক্ষণে বিচার করুন, কোথায় জিবরাইল,

ফোরশতার ছিনা চাক? এইরূপ অপবাদ প্রচার করা কি ইমানদারের কার্য্য।

## দ্বিতীয় অপবাদ।

জৌনপুরের মরিদেরা রটাইয়া বেড়াইতেছেন যে, ছাওয়ানেহেওমরি কেতাবে আছে যে, ফুরফুরার পীর ছাহেবের পুত্রদের বিবাহে ফেরেশ্‌তারা মাংস পাকিজা ও রন্ধন করিয়াছিলেন। ইহাতে ফেরেশতাগণের নাজিল হওয়ার দাবী করা হইয়াছে, ইহা পয়গম্বর ব্যতীত কেহই দাবি করিতে পারেন না।

## আমাদের উত্তর।

ছাওয়ানে-ওমরি কেতাবের ৮৮। ৮৯ পৃষ্ঠায় আছে;—

ফুরফুরার পীর ছাহেবের সাহেব জাদা দ্বয়ের বিবাহ (পিয়ার ডাঙ্গার) সৈয়দ শাহ আবদুল মজিদ ছাহেবের কন্যা দ্বয়ের সহিত হইয়াছিল, কিন্তু পিয়ার ডাঙ্গার বহু দুর ( মেদিনীপুরের একটী গ্রামে) এজন্য (হুগলী জেলার ) শাদপুর গ্রামে উক্ত বিবাহ পড়ান হইয়াছিল।

জনাব পীর ছাহেব মওজাঘাটির মৌলবি এখলাছদ্দিন ও তাঁহার ভাই ( মৌলবি এমতেয়াজদ্দিন) ছাহেবদ্বয়কে উক্ত বিবাহে দাওয়ত দেন নাই, এজন্য তাঁহারা উভয়ে উক্ত বিবাহে আসেন নাই এবং মনক্ষুন্ন হইয়াছিলেন। এক দিবস মৌলবি এমতেয়াজদ্দিন আহমদ ছাহেব প্রভাতে উঠিয়া ব্যতিব্যস্ত অবস্থায় নিজের ভাই মৌলবি এখলাছদ্দিন ছাহেবকে ডাকিয়া বলিতে লাগিলেন যে, ভাই, আমরা এখন পর্যন্ত্যও পীর ছাহেব কেবলার পদমর্য্যাদা (দরজা বোজর্গি) বুঝিতে পারি নাই। এখন আমি আপনাকে বলিতেছি যে, যদি আপনি হুজুর পীর ছাহেবের উপর অসন্তুষ্ট থাকেন, তবে আমার নিতান্ত দুঃখ

ও মনকষ্ট হইবে। আর ইহাও আশ্চর্য্য নহে যে, ইহাতে আমাদের উভয়ের মধ্যে বিচ্ছেদ ও মনোমালিন্যের কারণ হইবে। উক্ত মৌলবি ছাহেব বলিলেন, তুমি ইহার কারণ কি তাহা বল। মৌলবি এমতেয়াজদ্দিন ছাহেব বলিলেন, আমি রাত্রে স্বপ্নে দেখিয়াছি যে, একজন ফেরেশতা আসমান হইতে নাজিল হইয়া আমাকে বলিতে লাগিলেন, দেখ তোমাকে সাবধান করা যাইতেছে যে, অদ্য তারিখ হইতে কখনও (ফুরফুরার পীর সাহেবের সম্বন্ধে কিছুই বলিও না। আমি বলিলাম, আপনি কে? তিনি বলিলেন, আমি ফেরেশতা, আল্লাহতায়ালার পক্ষ হইতে অসিয়াছি। আল্লাহ তায়ালা বলিতেছেনখাজা আবদুল্লাহ (ফুরফুরার পীর ছাহেব আমার ইশারা ব্যতীত কোন কার্য্য করেন না। তিনি আমার ইশারায় শাদপুরে (ছাহেব দ্বয়ের ) বিবাহ করাইয়া গিয়াছেন। তাঁহার যে কার্য্যগুলিতে তোমরা সন্দেহ কর বা অন্য কেহ (সন্দেহ) করে, তৎসমস্তে আমি অসন্তুষ্ট আছি, আর তোমরা তাঁহার যে কার্য্যগুলিকে পছন্দ কর, আমি তৎসমস্ত রাজি আছি। আমি তাঁহার সমস্ত কার্য্য নির্ব্বাহ করিয়া থাকি। তুমি দেখনা যে, ইছালে ছওয়াবে তিনি প্রত্যেক স্থানে উপস্থিত হয়েন, একজন মনুষ্য ওদিকে মাংস পাকিজা করার স্থানে, খাদ্য রন্ধন করার স্থানে, দোকান সমূহে, ওয়াজের সভায় ও দহলিজ ঘরে, প্রত্যেক স্থানে থাকিতে পারেন ? না, (পারেন না), বরং এই কার্য্যগুলি নির্ব্বাহ করিতে আমার পক্ষ হইতে ' ফেরেশতাদিগকে নির্দ্দিষ্ট করা। সাবধান ! যদি তাঁহার মর্জ্জির বিপরীতে কিছু কর কিম্বা তাঁহার সম্বন্ধে নিন্দাবাদ কর, তবে বিনষ্ট (বরবাদ) হইয়া যাইবে।"

পাঠক, ইহাত একটী স্বপ্নের বিবরণ, ইহা অন্য একজন বর্ণনা করিয়াছেন, আর একজন লিখিয়াছেন, ফুরফুরার পীর সাহেব ইহা

বর্ণনা করেন নাই বা লেখেন নাই, তবে এই স্বপ্নের কথা লইয়া উক্ত হজরতের উপর দোষারোপ করা কি বোহতান (অযথা অপবাদ) নহে? খোদাতায়ালা এইরূপ অযথা দোষারোপ কারিদলকে সুমতি দান করিয়া হেদাএতের পথে আনুন।

যদি জৌনপুরী দলের মতে উক্ত ঘটনা লেখায় দোষ হইয়া থাকে, স্বপ্ন বর্ণনাকরি বা লেখকের দোষ হইতে পারে, জনাব পীর সাহেব কেবলার কি দোষ ?

এক্ষণে নিরপেক্ষ পাঠক আসুন, উক্ত স্বপ্ন বৃত্তান্তে কোন দোষ হয় কিনা, তাহার বিচার করুন।

মেশকাত;—

قال رسول الله صلى الله عليه وسلم ان الله تعالى قال وما يزال عبدي يتقرب الي بالنوافل حتى احببته فاذا احببته فكنت سمعه الذي يسمع به وبصره الذي يبصر به ويده التي يبطش بها ورجله التي يمشي بها *

“রাছুলোল্লাহ(সাঃ) বলিয়াছেন, নিশ্চয় আল্লাহ্তায়ালা বলিয়াছেন আমার বান্দা সর্ব্বদা নফল এবাদতগুলির দ্বারা আমার নৈকট্য (কোরবত) লাভের চেষ্টা করে, এমনকি আমি তাহাকে বন্ধু (দোস্ত) রূপে গ্রহণ করি। আর যে সময় আমি তাহাকে বন্ধুরূপে গ্রহণ করি, তখন আমি তাহার শ্রবণ শক্তি হইয়াই যদ্দারা সে ব্যক্তি শ্রবণ করে, আমি তাহার দর্শন শক্তি হইয়া যাই যদ্দারা সে ব্যক্তি দর্শন করে, আমি তাহার হস্ত হইয়া যাই যদ্দারা সে ব্যক্তি ধরিয়া থাকে এবং আমি তাহার পা হইয়া যাই যদ্দারা সে ব্যক্তি চলিয়া থাকে।

এই হাদিসটী এমাম বোখারি রেওয়াএত করিয়াছেন।”

মাজাহেরে-হক টিকায় ২য় খণ্ডে (২৫৯ পৃষ্ঠায়) উক্ত হাদিসের এইরূপ মর্ম্ম লিখিয়াছেন;—

“ওলি ব্যক্তি আল্লাহ্তায়ালার মর্জ্জি ব্যতীত দেখা, শুনা, ধরা, চলা কোনই কার্য্য করেন না, তাঁহার সমস্ত কার্য্যই আল্লাহ্তায়ালার মর্জ্জি অনুযায়ী হইয়া থাকে। আল্লাহ্তায়ালা তাঁহার সাহায্য কারি ও কার্য্য নির্ব্বাহকারী হইয়া থাকেন।”

উপরোক্ত বিবরণে বুঝা যায় যে, ওলিদিগের কার্য্য আল্লাহ্ তায়ালাই নির্ব্বাহ করেন, কিন্তু কিরূপে নির্ব্বাহ করেন, তাঁহার ফেরেশতাগণ কর্ত্তৃক নির্ব্বাহ করিয়া থাকেন, ইহাই অতি প্রকাশ্য মত।

কোরাণ সুরা হামিম ছেজ্দা;—

ان الذين قالوا ربنا الله ثم استقاموا تتنزل عليهم الملائكة ان لا تخافوا و لا تحزنوا و ابشروا بالجنة التي كنتم توعدون - نحن اولياءكم في الحيوة الدنيا و في الاخرة و لكم فيها ما تشتهي انفسكم و لكم فيها ما تدعون •

“নিশ্চয় যাহারা বলিয়াছেন, আমাদের প্রতিপালক আল্লাহ্, তৎপরে তাঁহারা স্থির প্রতিজ্ঞা রহিয়াছেন, তাঁহাদের উপর ফেরেশ্তাগণ নাজিল হইয়া থাকেন, (আর তাঁহারা বলেন,) তোমরা ভয় করিও না, দুঃখিত হইও না এবং তোমরা যে বেহেশতের ওয়াদা (প্রতিশ্রুতি) প্রাপ্ত হইয়াছ, তাহার সুসংবাদ প্রাপ্ত হও। আমরা দুন্‌ইয়ার জীবনে এবং আখেরাতে তোমাদের বন্ধু (সহায়তাকারি), তোমাদের মন যাহার আগ্রহ করে, তাহা উক্ত আখেরাতে তোমাদের জন্য আছে এবং যাহা

তোমরা বাঞ্ছা (দাবি) কর, তাহা তথায় তোমাদের জন্য আছে।"

তফছির কবির, ৭ম খণ্ড, ৩৫৭ পৃষ্ঠা;—

و معنى كونهم اولياء للمؤمنين ان للملائكة تاثيرات في الارواح البشرية بالالهامات و المكاشفات اليقينية و المقامات الحقيقية و بالجملة فكون الملائكة اولياء للارواح الطيبة الطاهرة حاصل من جهات كثيرة معلومة لارباب المكاشفات و المشاهدات ●

" ফেরেশ্‌তাগণের ইমানদারগণের বন্ধু হওয়া অর্থ এই যে, ফেরেশ্‌তাগণ অনেক এলহাম, নিশ্চিত (একিনি) কশ্‌ফ ও হকিকি মকাম দ্বারা মনুষ্যের রুহগুলিতে তাছির করিয়া থাকেন। মূল কথা এই যে, কশ্‌ফ ও মোশাহাদা বিশিষ্ট দরবেশরা অবগত আছেন যে, ফেরেশ্‌তাগণ অনেক প্রকারে নেক পাক রুহদিগের সহায়তা করিয়া থাকেন।

তফসিরে আবুদাউদ, ৭।৬৪৮ পৃষ্ঠা;— তফসিরে-রুহোল-বায়ান, ৩।৪৫২ পৃষ্ঠাও রুহোল-মায়ানি, ৭।৪৯ পৃষ্ঠা;—

( تتنزل عليهم الملائكة ) من جهته تعالى يمدونهم فيما يعن لهم من الامور الدينية و الدنيوية بما يشرح صدورهم و يدفع عنهم الخوف و الحزن بطريق الالهام ●

"আল্লাহ্‌তায়ালার পক্ষ হইতে তাঁহাদের (ওলিগণের) উপর ফেরেশ্‌তাগণ নাজিল হইয়া থাকেন, দীন এবং দুনইয়ার যে কার্য্য গুলি তাঁহাদের সন্মুখে উপস্থিত হয়, উক্ত ফেরেশ্‌তাগণ তৎসমুদয়ে তাঁহাদের সাহায্য করেন, এলহাম ভাবে তাহাদের ছিনা (বক্ষঃদেশ) প্রসস্ত করিয়া দেন এবং তাঁহাদের ভয় ও দুঃখ নিবারণ করিয়া দেন।"

আরও তফছির আবুছউদ, ৭।৬৪৮ পৃষ্ঠা, তফছির রুহোল বায়ান, ৩।৪৫২ পৃষ্ঠা ও তফছির-রুহোল-মায়ানি, ৭।৪৯০ পৃষ্ঠা,—

( نحن اولياؤكم في الحيوة الدنيا ) اى اعوانكم في اموركم نلهمكم الحق و نرشدكم الى مافيه خيركم و صلاحكم ٭

"( ফেরেশ্‌তাদিগের উক্তি), আমরা তোমাদের কার্য্য সমূহে তোমাদের সাহায্যকারি, আমরা তোমাদিগকে সত্য মতের এলহাম করিয়া থাকি এবং যে কর্ম্মে তোমাদের কল্যানণ (ভালাই) ও হিত হয়, আমরা তোমাদিগকে সেই কার্য্যের দিকে পথ দেখাইয়া থাকি।

হাসিয়ায়-জোমাল, ৪।৪২ পৃষ্ঠা;—

قال مجاهد اى نحن قرناؤكم الذين كنا معكم في الدنيا ٭

" মোজাহেদ (উহার অর্থে ) বলেন আমরা তোমাদের সঙ্গী, দুনইয়ায় তোমাদের সঙ্গে থাকিতাম।"

তফছিরে রুহোল-মায়ানি, ৭।৬৪।৬৫ পৃষ্ঠা;—

فقد كلمت الملائكة عليهم السلام مريم وام موسى في قول و رجلا خرج لزيارة اخ له فى الله تعالى الخ ٭

" ফেরেশতাগণ (আলায়হেচ্ছালাম) মরইয়াম ও এক রেওয়াএতে (হজরত)মুছা (আলায়হেচ্ছামের) মাতার সহিত কথা বলিয়াছিলেন। আর এক ব্যক্তি আল্লাহ্‌তায়ালার মহব্বতের জন্য তাহার এক ভাইর সহিত সাক্ষাত করিতে রওয়ানা হইয়াছিল, তাহার সহিত কথা বলিয়াছিলেন এবং তাহাকে এই সংবাদ পৌঁছাইয়া দিয়াছিলেন যে, সে ব্যক্তি যেরূপ তাহার ভাইকে ভালবাসেন সেইরূপ আল্লাহ্‌তায়ালা তাহাকে ভালবাসেন।

এবনে আবিদ্দুনিয়া হজরত আনাছারে ছনদে উল্লেখ করিয়াছেন, ওবাই বেনে কা'ব বলিয়াছেনে, অবশ্য আমি, মছজিদে দাখিল হইয়া নামাজ পড়িব এবং এরূপ প্রশংসাবলী দ্বারা আল্লাহ্‌তায়ালার প্রশংসা করিব যেরূপ প্রশংসা কেহ করিতে পারে নাই, যে সময় তিনি নামাজ পড়িয়া আল্লাহ্‌তায়ালার প্রশংসা ও ব্যাখ্যা করার উদ্দেশ্যে বসিলেন, সেই সময় পশ্চাতের দিক্ হইতে উচ্চ শব্দে বলিতে শুনিলেন,— হে অলাহ্, তোমার সমস্ত প্রশংসা, তোমারই সমস্ত বাদশাহি, তোমার আয়ত্ত্বাধীনে (ক্ষমতায়) সমস্ত কল্যাণ (ভালাই), তোমার দিকে প্রকাশ্য গুপ্ত প্রত্যেক বিষয় রুজু করে, তোমারই প্রশংসা, নিশ্চয় তুমি প্রত্যেক বিষয়ের উপর সক্ষম। অতীত কালের সমস্ত গোনাহ তুমি মাফ কর। আমার অবশিষ্ট জীবনে আমাকে গোনাহ্ হইতে বাঁচাইয়া রাখ। পাক আমলগুলি করিতে আমাকে তওফিক দাও, তৎ সমস্তের জন্য আমার প্রতি রাজি হও। আমার তওবা কবুল কর।"

তৎপরে উক্ত ছাহাবা হজরত নবি ছাল্লাল্লাহো আলায়হে অছাল্লামের নিকট উপস্থিত হইয়া উহা বর্ণনা করিলেন। তৎশ্রেবণে তিনি বলিলেন, তিনি (হজরত) জিবরাইল (আঃ) সাহাবাগণের ফেরেশতাগণের সহিত সাক্ষাৎ করার ও তাঁহাদের কথা শুনিবার হাদিছ বহুপরিমাণ আছে। আমাদের এ সম্বন্ধের যথেষ্ট দলীল আল্লাহ পাকের কোরাণের এই আয়ত, "নিশ্চয় যাহারা বলিয়াছেন যে, আমাদের প্রতিপালক আল্লাহ, তৎপরে (উহাতে) স্থির প্রতিজ্ঞ রহিয়াছে তাহাদের উপর ফেরেশতাগণ নাজিল হইয়া থাকেন (এবং বলেন যে,) তোমরা ভীত হইও না এবং দুঃখিত হইও না (আয়ত শেষ পর্যন্ত)। এই আয়তে পয়গম্বরগণ ব্যতীত অন্য লোকদিগের নিকট ফেরেশতাগণের নাজিল হওয়া এবং তাহাদের সহিত ফেরেশতা গণের কথা বলা প্রমাণ হয়। কেহই বলেন নাই যে, ইহাতে নবুয়তের দাবি করা হয়।

আমি যাহা উল্লেখ করিয়াছি, ইহা সুফিদিগের মত। (এমাম) গাজ্জালি 'মোনকেজ- মেনাদ্দালাল' কেতাবে উপরোক্ত পীরগণের প্রশংসা উপলক্ষ্যে বলিয়াছেন, পীর ওলিগণ চৈতন্য অবস্থায় ফেরেশ্‌তাগণ ও নবিগণের রুহের সহিত সাক্ষাৎ করিয়া থাকেন, তাঁহাদের আওয়াজ (শব্দ) শুনিয়া থাকেন, তাঁহাদের নিকট হইতে অনেক ফায়েদা লাভ করিয়া থাকেন, তাঁহাদের আকৃতি ও রুহানি ছুরত দেখার পরে ইহাদের দরজা এত উন্নত হয় যে যাহা বর্ণনা করা সঙ্কট।

তাঁহার শিষ্য কাজি আবুবকর আরাবি মালেকি 'কানুনোত্তাবিল' কেতাবে লিখিয়াছেন, সুফিগণের মত এই যে, যখন মনুষ্যের নফছ ও দেল পাক হইয়া যায়, এল্‌ম ও আমল দ্বারা সম্পূর্ণ রূপে সর্ব্বদা খোদাতায়ালার ধেয়ানে উন্মত্ত হয়, দুনইয়ার সর্ব্ব সম্বন্ধ হইতে বিছিন্ন হইয়া যায়, তখন তাহার দেল খুলিয়া যায়, ফেরেশ্‌তাগণকে দেখিতে পায়, তাহাদের কথা শুনিতে পায়, পয়গম্বরগণের রুহ্ ও ফেরেশ্‌তাগণের নিকট উপস্থিত হয়।

কোন আহলে বয়েত এমাম বলিয়াছেন যে, ফেরেশ্‌তাগণ হওয়ার অবস্থায় আমাদের গৃহে সমবেত হইয়া থাকেন।

উপরোক্ত বোজর্গগণের কথায় বুঝা যায় যে, যাহারা কামেল বিশুদ্ধ আত্মা (পাক রুহ্) হইয়াছেন, তাঁহারাই ফেরেশ্‌তাগণের সহিত সমবেত হইতে এবং তাঁহাদের নিকট শিক্ষা লাভ করিতে সক্ষম হইয়া থাকেন।

সুন্নতে ত্রুটী করিলে, এই বিষয়ের বিশেষ বাধা জন্মিয়া থাকে।

সহিহ্ মোসলেমের নিম্নোক্ত হাদিসটী উক্ত মতের সমর্থন করে, "হজরত এমরান বেনে হোছাএন বলিয়াছেন, একজন ফেরেশ্‌তা

আমাকে ছালাম করিতেন, তৎপরে আমি শরীরে অগ্নির দাগ লাগাইতে আরম্ভ করিলে, ফেরেশ্‌তা ছালাম করা ত্যাগ করিলেন। পরে আমিও উহা ত্যাগ করিলে, পুনরায় ফেরেশ্‌তা ছালাম করিতে লাগিলেন।'

আর ইহা যে প্রসিদ্ধ হইয়াছে যে, (হজরত) নবি (সাঃ) এর এন্তেকালের পরে (হজরত) জিবরাইল (আঃ) জমিতে নাজিল হইবে না, ইহার কোন দলীল নাই। তেবরানির একটী হাদিস উক্ত প্রসিদ্ধ মত রদ করিয়া দেয়। হাদিসটী এই;— "(হজরত বলিয়াছেন), আমি পছন্দ করি না যে, কোন নাপাক ব্যক্তি ওজু না করিয়া শুইয়া যায়, কেননা আমি আশঙ্কা করি যে, সে ব্যক্তি ( বেওজু ) মরিয়া যাইবে এবং (হজরত) জিরাইল (আঃ) তাহার নিকট উপস্থিত হইবেন না।" এই হাদিসে বুঝা যায় যে, (হজরত)জিবরাইল (আঃ) জমিতে নাজিল হন, এবং প্রত্যেক ইমানদারের মৃত্যুকালে উপস্থিত হন যাহাকে আল্লাহ্‌তায়ালা তাঁহার পাক (ওজু) অবস্থায় মারিয়া ফেলেন।"

কোরাণ শরিফ সুরা রা'দ;—

له معقبات من بين يديه و من خلفه يحفظونه من امر الله ●

"তাঁহার জন্য কতকগুলি ফেরেশতা তাহার সন্মুখে ও পশ্চাদ্দিকে থাকেন, তাঁহারা আল্লাহ্‌তায়ালার হুকুমে উক্ত ব্যক্তিকে রক্ষনাবেক্ষণ করেন।"

তফসিরে-কবির, ৫।১৯২ পৃষ্ঠা;—

قال عليه السلام ملك عن يمينك يكتب الحسنات و هو

مين على الذي على الشمال فاذا عملت حسنة كتبت عشرا

و اذا عملت سيئة قال الذي على الشمال لصاحب اليمين اكتب

فيقول لا لعله يتوب فاذا قال ثلاثا قال نعم اكتب و ملكان بين

يديك ومن خلفك، وملك قابض على ناصيتك فاذا تواضعت
لربك رفعك وان تجبرت قصمك، والملكان على شفتيك يحفظان
عليك الصلاة علي، وملك على فيك لايدع ان تدخل الحية في
فيك، وملكان على عينيك ٭

"(হজরত) নবি (আঃ) ব লেয়াছেন, একজন ফেরেশ্‌তাতোমার ডাহিন দিকে আছেন তিনি নেকিগুলি লিখিয়া থাকেন, তিনি বাম দিকের ফেরেশ্‌তার উপর হাকেম। যখন তুমি একটী নেকি কর তখন দশটী নেকি লেখা হয়। আর যখন তুমি একটী গোনাহ্ কর, তখন বাম দিকের ফেরেশ্‌তা ডাহিন দিকে ফেরেশ্‌তাকে বলেন, আমি কি লিখিব? তিনি বলেন, না, বোধ হয় উক্ত ব্যক্তি তওবা করিবে। তৎপরে যখন বাম দিকের ফেরেশ্‌তা তিনবার (এইরূপ) বলেন, ডাহিন দিকের ফে রেশ্‌তা বলেন, হাঁ লেখ। আর দুইজন ফেরেশ্‌তা তোমার সন্মুখে ও পশ্চাতে থাকেন। একজন ফেরেশ্‌তা তোমার ললাট ধরিয়া থাকেন, যদি তুমি তোমর প্রতিপালকের (আল্লাহতায়ালার) জন্য নম্রতা স্বীকার কর, তবে তোমাকে তিনি উচ্চ করিয়া দেন, আর যদি তুমি অহঙ্কার কর, তবে তিনি তোমাকে অবনত করিয়া দেন। আর দুইজন ফেরেশতা তোমার দুই ওষ্ঠের (ঠোটের)উপর থাকেন, তুমি আমার উপর যে দরুদ পড়িয়া থাক, তাঁহারা উভয়ে উহার রক্ষণাবেক্ষণ করেন। আর একজন ফেরেশ্‌তা তোমার মুখে থাকেন, তোমার মুখের মধ্যে সর্প প্রবেশ করিতে বাধ্য প্রদান করেন। আর তোমার দুই চক্ষে দুইজন ফেরেশ্‌তা থাকেন।"

তফসিরে রুহোল -মায়ানি ৪।১৫৫ পৃষ্ঠা;—

والاكثرون ان المراد بالمعقبات الملائكة الخ ٭

অধিকাংশ বিদ্বান ব্যক্তি বলেন যে, উহার অর্থ ফেরেশতাগণ।

আবুদাউদ, এবনোল-মোঞ্জের ও এবনো-আবিদ্দুনইয়া (হজরত) আলী কার্রামাল্লাহো অজহাহু হইতে উল্লেখ করিয়াছেন, তিনি বলিয়াছেন, প্রত্যেক ব্যক্তির জন্য কতকগুতি রক্ষক ফেরেশতা আছেন, ইহারা এইজন্য তাহার রক্ষাবেক্ষণ করেন যে, যেন তাহার উপর প্রাচীর পতিত

না হয়, যেন কোন চতুস্পদ তাহাকে আঘাত না করে, এমন কি যখন তাহার নির্দ্ধারিত তকদির উপস্থিত হয়, তখন রক্ষক ফেরেশ্‌তাগণ তাহার যাহা ইচ্ছা করেন, তাহাই উক্ত ব্যক্তির উপর পৌঁছিয়া থাকে। এবনো-আবিদ্দুনইা, তেবরানি ও ছাবুনি, আবু ওমামার ছনদে উল্লেখ করিয়াছেন, (হজরত) নবি (সাঃ) বলিয়াছেন, ইমানদার ব্যক্তির পক্ষে তিন শত ফেরেশতা নিয়োজিত করা হইয়াছিল, যতক্ষণ তকদীরের হুকুম উপস্থিত না হয়। ততক্ষণ তাহার রক্ষণাবেক্ষণ করেন, তাহার সন্মুখে সাতজন ফেরেশ্‌তা থাকেন, যেরূপ গ্রীষ্মকালে মধুপাত্র হইতে মধুমক্ষিকাকে বিতাড়িত করা হয়, সেইরূপ তাঁহারা বিতাড়িত করিয়া থাকেন। যদি উহারা তোমাদের পক্ষে প্রকাশ হইত, তবে তোমরা প্রত্যেক সমতল ভূমি ও পর্ব্বতে উহাদের প্রত্যেককে দেখিতে যে দুই হাত বিছাইয়া ও মুখ বিস্তার করিয়া রহিয়াছে। যদি মনুষ্যকে এক নিমিষ পরিমাণ তাহার নিজের উপর ছাড়িয়া দেওয়া হয় তবে অবশ্য শয়তানেরা তাহাকে উড়াইয়া লইয়া যাইবে।”

উপরোক্ত প্রমাণ সমূহের দ্বারা স্পস্ট বুঝা যাইতেছে যে, ওলিউল্লাহ্‌গণের কার্য্যের সাহায্য খোদাতায়ালা করিয়া থাকেন, তাঁহার ফেরেশ্‌তাগণ তাঁহাদের দীন ও দুনইয়ার কার্য্যের সহায়তা করিয়া থাকেন, বরং প্রত্যেক ইমানদারের রক্ষণাবেক্ষণের জন্য খোদাতায়ালা অনেক ফেরেশ্‌তা নিয়োজিত করিয়া রাখিয়াছেন।

প্রত্যেক মানুষের সঙ্গে কয়েক জন্য রক্ষক ফেরেশ্‌তা থাকেন। কাজেই স্বপ্ন প্রকাশক লোকের কথাতে শরিয়তের কোন খেলাফ মত প্রকাশ হয় না।

## তৃতীয় দোষারোপ।

ছাওয়ানেহে-ওমরিতে আছে যে, ফুরফুরার পীর ছাহেব স্বপ্নযোগে হজরত আলি (রা) হজরত ফাতেমা (রা) হজরত

রাছুলোল্লাহ (সাঃ) ও হজরত জিবরাইল (আলায়হেচ্ছালামের) নিকট হইতে বাতেনি বয়য়ত লাভ করিয়াছিলেন, ইহা কিরূপে সম্ভব হইবে? হজরত ফাতেমা (রা) যে সময় কেয়ামতের দিবস পোলছেরাত পার হইয়া যাইবেন; সেই সময় খোদাতয়ালার হুকুম হইবে যে, হে হাশরবাসিরা, তোমরা সকলেই চক্ষু বন্ধ করিয়া লও, কেননা এখন রাছুলোল্লাহ (ছাল্লাল্লাহো আলায়হে অসাল্লামের) কন্যা ফাতেমা জোহরা পোল পার হইয়া যাইবেন। যখন হাশরের ময়দানে কেহ তাঁহাকে দেখিত পাইবেন না, তখন ফুরফুরার পীর ছাহেব কি করিয়া তাঁহাকে দেখিতে পাইলেন? আর হজরত জিইরাইলের নিকট হইতে কিরূপে বাতেনি ফয়েজ হাছেল করিলেন।

## আমাদের উত্তর।

চৈতন্য অবস্থায় হুকুম পৃথক, স্বপ্নের অবস্থায় হুকুম পৃথক।

সমস্ত সুন্নত জামায়াতের বিদ্বান এক বাক্যে স্বীকার করিয়াছেন যে, এই দুনইয়ায় থাকিয়া চর্ম্মচক্ষে কাহারও খোদাতায়ালাকে দেখা অসম্ভব, কিন্তু ইহা সত্ত্বেও হাদিছে আছে,—

رأيت ربي في احسن صورة *

"হজরত বলিয়াছেন, আমি আমার প্রতিপালককে ( খোদা তায়ালাকে )( স্বপ্নযোগে) অতি উৎকৃষ্ট গুণ সম্পন্ন অবস্থাতে দেখিয়াছি।"

মূল কথা, চর্ম্মচক্ষে চৈতন্য অবস্থায় খেদাতায়ালাকে দেখা অসম্ভব, কিন্তু স্বপ্নযোগে সেই খোদাতায়ালাকে দেখা সম্ভব হইল। এইরূপ যদি চর্ম্মচক্ষে হাশরের ময়দানে চৈতন্য অবস্থায় হজরত ফাতেমা জোহরা (রা) কে দেখা নিষিদ্ধ হয়, তবে স্বপ্নযোগে এই পৃথিবীতে তাঁহাকে দেখা অসম্ভব হইবে কেন ?

হজরত মোজাদ্দেদ সৈয়দ আহমদ বেরেলি রহমতুল্লাহে আলায়হের মলফুজাত ছেরাতুল্‌-মোস্তাকিম কেতাবের ১৫০ পৃষ্ঠায়

লিখিত আছে যে, এক দিবস উক্ত মোজাদ্দেদ ছাহেব হজরত আলি (রাঃ) ও হজরত ফাতেমা জোহরা (রা) কে স্বপ্নে দেখিয়াছিলেন। তৎপরে হজরত আলি(রাঃ) তাঁহাকে নিজের মোবারক হাতে গোছল দিয়াছিলেন এবং তাঁহার শরীরকে ভাল রূপে ধৌত করিয়াছিলেন যেরূপ পিতা পুত্রকে ধৌত করিয়া থাকে। আর জনাব হজরত ফতেমা জোহরা (রা) নিজ মোবারক হাতে একখানা অতি মূল্যবান কাপড় পরিধান করাইয়া দিয়াছিলেন। এইজন্য উক্ত মোজদ্দেদ ছাহেবের উপর কামালাতে নবুয়ত প্রকাশ হইয়াছিল।

আর জনাব মাওলানা কারামত আলি ছাহেব " মোকাশাফাতে রহমত" কেতাবের ২৭ পৃষ্ঠায় লিখিয়াছেন — "হজরত সৈয়দ ছাহেব এক রাত্রে হজরত আলি (রা) ও হজরত ফাতেমা (রা) কে স্বপ্নে দেখিয়াছিলেন এবং তাঁহারা উভয়ে উক্ত সৈয়দ ছাহেবকে গোছল দিয়াছিলেন।"

পাঠক। যখন হজরত মোজাদ্দেদ ছাহেব হজরত ফাতেমা(রা) কে দেখিয়াছিলেন, তখন ফুরফুরার হজরত তাঁহাকে স্বপ্নে দেখিতে পাইবেন, ইহা আশ্চর্য্যের বিষয় বা অসম্ভব হইবে কেন ?

আরও ছেরাতল-মোস্তাকিমের ১৫০ পৃষ্ঠায় আছে যে, হজরত সৈয়দ ছাহেব খোদাতায়ালার নিকট হইতে বাতেনি বয়য়ত হাছেল করিয়াছিলেন, এক্ষেত্রে ফুরফুরার হজরতের হজরত জিবরাইল (আঃ) এর নিকট হইতে বাতেনি বয়য়ত হাছেল করা অসম্ভব হইবে কেন ?

## শেষ কথা।

ফুরফুরার হজরতের মুরিদগণ যেন মাওলানা মোহাম্মদ হামেদ সাহেবের অন্যায় দোষারোপে বিচলিত না হন, কালে কালে ইহা হইয়া আসিতেছে যে, অসত্যবাদি দল ন্যায়পরায়ণ দলের প্রতি অযথা আক্রমণ করিয়া থাকেন।

চারি সাহাবা রাফিজি ও খারেজিদের নিকট কাফের ও মোশরেক নামে অভিহিত। (নাউজো-বিল্লাহ মেনহো) চারি এমাম

অনেক শত্রুদের মুখ হইতে বাঁচিতে পারেন নাই।

দোর্রেল মোখতারের ৩/৩২২ পৃষ্ঠায় আছে, পীর মহই উদ্দীন আরাবিকে লোকে কাফের বলিয়াছে।

কেতাবোল-জারাহ্ অত্তা'দিলে আছে যে এবনে জওজি প্রভৃতি বড় পীর ছাহেবের নিন্দাবাদ করিয়াছেন।

কেতাবোল জারাহ্ অত্তাকমিলে আছে যে, এমাম সায়ারানি বলিয়াছেন, কতকগুলি হিংসুক লোক প্রায় ত্রিশ জন বিদ্বান্ কে অযথাভাবে কাফের বলিয়াছে, তন্মধ্যে এমাম গাজালি, কাজি এয়াজ ও তাজাদ্দিন সুবকিও উক্ত হিংসুক দল কর্ত্তৃক কাফের নামে অভিহিত হইয়াছিলেন।

এইরূপ শেখ আবদুল হক দেহলবি, এমাম রাব্বানি মোজাদ্দেদ আলফেছানির নিন্দাবাদ করিয়াছিলেন।

মাওলানা কারামত আলী ছাহেব নূরোন আলানূর কেতাবের ১৭।১৯পৃষ্ঠায় লিখিয়াছেন যে, চট্টগ্রামের একজন আলেম হজরত সৈয়দ আহমদ বেরিলির মুরিদগণকে কাফের ও তাঁহাদের পশ্চাতে নামাজ পড়া নাজায়েজ বলিয়া প্রচার করিয়াছিল।

আরও নওয়াখলির মাওলানা আবদুল বারি ছাহেব জৌনপুরী দলকে অহাবি বলিয়া প্রকাশ করিয়াছিলেন। ইহাত ছোট কথা কাফেরেরা হজরত নবি (সাঃ) কে যাদুগীর, পাগল, ইত্যাদি বলিয়া প্রকাশ করিত। কাফেরেরা খোদাতায়ালার পুত্র, কন্যা সাব্যস্ত করিতে প্রয়াস পাইয়াছেন—

এক্ষেত্রে ফুরফুরার হজরতের উপর অযথা কলঙ্কারোপে তাঁহার মুরিদগণের ক্ষুন্ন না হইয়া অপবাদকারি দলের হেদাএতের জন্য খোদার নিকট দোয়া করা উচিত। আবশ্যক হইলে বারান্তরে বিস্তারিত সমালোচনা করিব।

সমাপ্ত।